# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 01, 1432 Bangla, March 15, 2026, Sunday, No. 74, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has said everyone must take preventive measures in advance to protect themselves from dengue and chikungunya. (Jago News: 07)

Padma Oil Company PLC has initiated an investigation following allegations that 72,000 litres of jet fuel were stolen during transit from its Godnail depot in Narayanganj to the Kurmitola Aviation Depot in the capital. (Jago News: 07)

Home Minister Salahuddin Ahmed has said the issue of forming a Constitutional Reform Council may be discussed on the floor of the Parliament. (Jago News: 09)

Labour and Employment Minister Ariful Haque Choudhury has directed factory owners across the country to pay all outstanding wages and Eid bonuses to workers before the Eid holidays. (Jago News: 09)

State Minister for Environment, Forest & Climate Change Sheikh Faridul Islam has said, to protect the Sundarbans, the living entities of the rivers adjacent to the forest, including the Pashur River, must be restored. (Jago News: 13)

Indian police have arrested an accomplice who assisted the prime suspects in the murder of Inqilab Manch convener Shahid Sharif Osman bin Hadi in fleeing. (DW: 06)

Seven more flights have been canceled at Chittagong Shah Amanat International Airport due to the closure of airfields amid the ongoing war situation in the Middle East. (Jago News: 10)

European leaders have criticized the United States' decision to temporarily ease sanctions on Russian oil purchases. (BBC: 06)

US is deciding to send more troops and warships to the Gulf region following the attack on the US embassy in the Iraqi capital Baghdad, amid the ongoing war between Iran and the US-Israel. (BBC: 04)

Gulf oil producers have lost an estimated $15.1 billion in energy revenues in the 15 days of the ongoing war between Iran and the US-Israel. (Jago News: 12)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ০১, বাংলা ১৪৩২, মার্চ ১৫, ২০২৬, রবিবার, নং- ৭৪, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ডেঙ্গু ও চিকুনগুনিয়া থেকে রক্ষা পেতে সবাইকে আগে থেকেই প্রতিকারমূলক পদক্ষেপ নিতে হবে। (জাগো নিউজ: ০৭)

নারায়ণগঞ্জের গোদনাইল থেকে রাজধানীর কুর্মিটোলা ডিপোতে যাওয়ার পথে ৭২ হাজার লিটার জেট ফুয়েল চুরির অভিযোগ উঠেছে; তদন্তে মাঠে নেমেছে পদ্মা অয়েল পিএলসির একটি দল। (জাগো নিউজ: ০৭)

সংবিধান সংস্কার পরিষদ নিয়ে জাতীয় সংসদের অধিবেশনে আলোচনা হতে পারে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। (জাগো নিউজ: ০৯)

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী দেশের সব শিল্পকারখানার শ্রমিকদের বকেয়া বেতন ও বোনাস ঈদের ছুটির আগেই পরিশোধের নির্দেশ দিয়েছেন। (জাগো নিউজ: ০৯)

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম বলেছেন, সুন্দরবন রক্ষায় পশুর নদীসহ বনসংলগ্ন নদ-নদীর জীবন্ত সত্তা ফিরিয়ে আনতে হবে। (জাগো নিউজ: ১৩)

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহিদ শরিফ ওসমান বিন হাদি হত্যায় মূল অভিযুক্তদের পালাতে সহায়তাকারীকেও গ্রেফতার করার কথা জানিয়েছে ভারতের পুলিশ। (ডয়েচে ভেলে: ০৬)

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির প্রভাবে এয়ারফিল্ড বন্ধ থাকায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ফের সাতটি ফ্লাইট বাতিল করা হয়েছে। (জাগো নিউজ: ১০)

ইউরোপীয় নেতারা রাশিয়ার তেল কেনার ওপর নিষেধাজ্ঞা সাময়িকভাবে শিথিল করার যে সিদ্ধান্ত যুক্তরাষ্ট্র নিয়েছে তার সমালোচনা করেছে। (বিবিসি: ০৬)

ইরানের সঙ্গে ইসরায়েল-যুক্তরাষ্ট্রের চলমান সংঘাতের মধ্যেই ইরাকের রাজধানী বাগদাদে মার্কিন দূতাবাসে হামলার পর উপসাগরীয় অঞ্চলে আরও সেনা ও যুদ্ধ জাহাজ পাঠানোর সিদ্ধান্ত নিচ্ছে যুক্তরাষ্ট্র। (বিবিসি: ০৪)

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের চলমান যুদ্ধের ১৫ দিনে জ্বালানি রপ্তানি খাতে উপসাগরীয় দেশগুলোর সম্মিলিত ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ১৫ দশমিক ১ বিলিয়ন মার্কিন ডলার। (জাগো নিউজ: ১২)

# বিবিসি

'অতি উৎপাদন' ও 'জোরপূর্বক শ্রম' নিয়ে যুক্তরাষ্ট্রের তদন্তে বাংলাদেশের নাম কেন

বাংলাদেশসহ বেশ কিছু দেশের উৎপাদন খাতে অতিরিক্ত সক্ষমতা কিংবা অতিরিক্ত উৎপাদন করা হচ্ছে কি-না এবং পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রম ব্যবহারের বিরুদ্ধে কতটা কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে, তা তদন্ত করতে শুরু করেছে যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধির দপ্তর (ইউএসটিআর) গত বুধবার অতিরিক্ত উৎপাদন বা সক্ষমতার বিষয়ে বাংলাদেশসহ ষোলোটি দেশের ওপর তদন্ত শুরুর কথা জানায়। পরে বৃহস্পতিবার তারা বাংলাদেশসহ ৬০টি দেশ পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রম বন্ধে পর্যাপ্ত পদক্ষেপ কি-না, সেটি খতিয়ে দেখতে তদন্ত করার কথা ঘোষণা করে। দেশটির বাণিজ্য প্রতিনিধি জ্যামিয়েসন গ্রির বলেছেন, এই তদন্তের মাধ্যমে যে-সব দেশের বিরুদ্ধে 'অন্যায্য' বাণিজ্য কার্যক্রমে জড়িত থাকার প্রমাণ পাওয়া যাবে, সেসব দেশের পণ্যের ওপর আমদানি কর আরোপ করতে পারবে। আর জোরপূর্বক শ্রম ইস্যুতে তদন্তের বিষয়ে তিনি বলেছেন, তাদের কর্মকর্তারা পরীক্ষা করে দেখবেন যে, 'জোরপূর্বক শ্রম' ব্যবহার করে তৈরি পণ্য বিক্রি বন্ধ করতে ব্যর্থ হয়ে এসব দেশ মার্কিন ব্যবসার ক্ষতি করছে কি-না। যুক্তরাষ্ট্র জানিয়েছে, দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ফেব্রুয়ারিতে যে অস্থায়ী শুল্ক আরোপ করেছিলেন, জুলাইতে সেগুলোর মেয়াদ শেষ হওয়ার আগে এসব তদন্ত তারা শেষ করতে চায়। এসব তদন্তের আওতায় বৈশ্বিক বাজারে বাংলাদেশের তৈরি পোশাকের প্রতিদ্বন্দ্বী চীন, ভারত, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া ও ভিয়েতনামের নামও আছে। মার্কিন সুপ্রিম কোর্টে ডোনাল্ড ট্রাম্পের শুল্ক নীতি বাতিল হয়ে যাওয়ার পর দেশটি এসব তদন্ত শুরুর ঘোষণা দিল। ইউএসটিআর জানিয়েছে, তদন্ত শুরু হওয়ার পর সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে আনুষ্ঠানিক পরামর্শের উদ্যোগ নেওয়া হয়েছে এবং তালিকাভুক্ত দেশের সরকারগুলোর কাছে এ বিষয়ে আলোচনার অনুরোধপত্র পাঠানো হয়েছে। প্রতিটি দেশকে এ বিষয়ে ১৭ মার্চের মধ্যে লিখিত জবাব দিতে হবে এবং মে মাসের প্রথম সপ্তাহে এর শুনানি অনুষ্ঠিত হবে।

তদন্তে কী দেখবে যুক্তরাষ্ট্র

পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রম বন্ধে বাংলাদেশসহ ৬০ দেশের বিরুদ্ধে তদন্তের ঘোষণা দিয়ে ইউএসটিআর বৃহস্পতিবার বলেছে, পণ্য উৎপাদনে জোরপূর্বক শ্রমের ব্যবহার থাকলে সেই পণ্য আমদানি নিষিদ্ধ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশগুলোর আইন, নীতি ও বাস্তব প্রয়োগ কেমন, সেটি এই তদন্তে দেখা হবে। একইসঙ্গে দেখা হবে যে, এসব বিষয়ে দেশগুলোর নীতি বা চর্চা যুক্তরাষ্ট্রের বাণিজ্যের ওপর কোনো ধরনের বোঝা বা প্রতিবন্ধকতা সৃষ্টি করছে কি না। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, যুক্তরাষ্ট্রের বাণিজ্য আইনের ৩০১ নম্বর ধারা অনুযায়ী, কোনো বিদেশি সরকারের নীতি বা কর্মকাণ্ড যুক্তরাষ্ট্রের বাণিজ্যের জন্য অযৌক্তিক বা বৈষম্যমূলক হলে যুক্তরাষ্ট্র প্রতিক্রিয়ামূলক ব্যবস্থা নিতে পারে। বাংলাদেশ সরকারের দিক থেকে এখনো এ বিষয়ে কোনো প্রতিক্রিয়া আসেনি। তবে সরকারের বাণিজ্য সচিব মাহবুবুর রহমান শুক্রবার ঢাকার দৈনিক সমকাল পত্রিকাকে বলেছেন, যুক্তরাষ্ট্র তদন্ত শুরু করলেও এতে বাংলাদেশের জন্য কোনো ঝুঁকি দেখছেন না তারা। ভবিষ্যতে যুক্তরাষ্ট্র আনুষ্ঠানিকভাবে কোনো প্রশ্ন বা তথ্য চাইলে সে অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে পত্রিকাটিকে জানিয়েছেন তিনি। তারেক রহমানের সরকার দায়িত্ব নেওয়ার আগে আমেরিকার সঙ্গে বাণিজ্য চুক্তি করেছেন অধ্যাপক মুহাম্মদ ইউনূস। চুক্তিটি এখনো কার্যকর হয়নি।

বাংলাদেশের নাম কেন তদন্তে

বিশ্লেষকদের ধারণা, ট্রাম্প প্রশাসনের শুল্ক আরোপ নীতি যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট বাতিল করে দেওয়ায় বিকল্প হিসেবে শুল্ক বা কর আরোপের জন্য এই পন্থা বেছে নিয়েছে যুক্তরাষ্ট্র। ২০২৫ সালের ২ এপ্রিল ডোনাল্ড ট্রাম্পের একটি নির্বাহী আদেশের মাধ্যমে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশের উপর বিভিন্ন হারে রেসিপ্রোকাল ট্যারিফ বা পাল্টা শুল্ক আরোপ করে যুক্তরাষ্ট্র। তখন বাংলাদেশের উপর পাল্টা শুল্ক আরোপ করা হয় ৩৫ শতাংশ। পরে আলোচনার প্রেক্ষিতে পরে সেই শুল্ক হার কমিয়ে ২০ শতাংশে নামিয়ে আনা হয়। সবশেষ, বাংলাদেশের জাতীয় সংসদ নির্বাচনের মাত্র তিনদিন আগে অন্তর্বর্তী সরকারের সময়ে বাংলাদেশ এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে অ্যাগ্রিমেন্ট অন রিসিপ্রোকাল ট্রেড (এআরটি) স্বাক্ষরিত হয়েছে। কিন্তু যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট পাল্টা শুল্ক আরোপকে অবৈধ ঘোষণা করেছে, পাশাপাশি এআরটিও কার্যকর হয়নি। এজন্যই কর আরোপের বিকল্প উপায় হিসেবেই বিভিন্ন দেশের বিরুদ্ধে অতি উৎপাদন সক্ষমতা ও জোরপূর্বক শ্রম ইস্যুতে তদন্ত শুরু করেছে যুক্তরাষ্ট্র। কারণ, তদন্তে অতি উৎপাদন, সক্ষমতা কিংবা জোরপূর্বক শ্রমের প্রমাণ পেলে যুক্তরাষ্ট্রের বাণিজ্য আইন অনুযায়ী দেশটির সংশ্লিষ্ট দেশের ওপর কর আরোপ করতে পারবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের সহযোগী অধ্যাপক ড. আবুল খায়ের বলছেন, যে-সব দেশ থেকে যুক্তরাষ্ট্রের রপ্তানি বেশি হয়, তারা সেসব দেশকেই এই তদন্তের আওতায় রেখেছে এবং বাংলাদেশ পোশাক খাতের অন্যতম রপ্তানিকারক দেশ হিসেবেই এই তালিকায় এসেছে। "যুক্তরাষ্ট্র মূলত দেখবে যে ভর্তুকি, বিশেষ সুবিধা কিংবা সস্তা শ্রমের অপব্যবহার করে কোনো পণ্যের উৎপাদন খরচ কমিয়ে রাখা হচ্ছে কি-না, যে কারণে মার্কিন বাজারে তাদের প্রতিষ্ঠানগুলো প্রতিযোগিতা করতে পারছে না। তদন্তে তেমন কিছু পেলে তারা শুল্ক আরোপ করতে পারে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। তার মতে, স্বল্পোন্নত দেশ হিসেবে কিছু ছাড় হয়ত বাংলাদেশ পাবে, তবে আলোচনারও সুযোগ আছে এবং আলোচনার মাধ্যমেই বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ করা যেতে পারে কিন্তু যুক্তরাষ্ট্র যদি চীন, ইউরোপীয় ইউনিয়ন বা উন্নত দেশগুলোর মতো করে বাংলাদেশের জন্যও পদক্ষেপ নেয়, তাহলে সেটি

বাংলাদেশের জন্য স্বস্তির নাও হতে পারে বলে বলছেন মি. খায়ের। গবেষণা সংস্থা সিপিডির সম্মাননীয় ফেলো অর্থনীতিবিদ ড. মোস্তাফিজুর রহমান বিবিসি বাংলাকে বলছেন, যুক্তরাষ্ট্রের ক্ষমতা আছে বলে তারা এসব করতেই পারে এবং কেন তারা এগুলো করছে সেটাও অনেকটা পরিষ্কার, "কিন্তু তারা যে অতি উৎপাদন সক্ষমতার কথা বলছে তার সংজ্ঞা কী? বাজার অর্থনীতিতে লক্ষ লক্ষ উৎপাদক বাজার পর্যালোচনা করে চাহিদার ভিত্তিতে সরবরাহের জন্য উৎপাদন কতটা হবে, তা ঠিক করে। স্থানীয় ও বৈশ্বিক চাহিদা বাড়লে যেন সরবরাহ করা যায়, সেজন্য সক্ষমতাও বাড়িয়ে রাখতে পারে। এটা তো স্বাভাবিক। এখানে কীভাবে নির্ধারিত হবে যে, অতি উৎপাদন হচ্ছে কিংবা হচ্ছে না," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

গবেষক ও ব্যবসায়ীদের মতে, উৎপাদকরা তাদের উৎপাদন সক্ষমতা বাড়িয়ে রাখতে চাওয়াটাই বাজার অর্থনীতিতে স্বাভাবিক। কারণ এখানে চাহিদার বিষয়টি ওঠানামা করে। আবার ভবিষ্যতে চাহিদা বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়েও শিল্পখাতে উৎপাদন সক্ষমতা বাড়ানোর চিন্তা করেন বিনিয়োগকারী বা উৎপাদনকারীরা। "ধরুন, সিমেন্ট শিল্পে অনেকে বিনিয়োগ করেছে বাংলাদেশে। আবার চিনি শিল্পে সহায়তা দিয়ে সক্ষমতা বাড়ানো হয়। আবার পোশাক খাতে ওভার ক্যাপাসিটি হলে, সেটি তো শুধু আমেরিকার বাজারের জন্য নয়। একই পণ্যের অনেক বাজারকেও শিল্প উদ্যোক্তারা বিবেচনায় নেন। এখন যুক্তরাষ্ট্র কীভাবে দেখবে যে, এগুলোর প্রভাব গিয়ে সেখানকার বাজারে পড়বে," বলছিলেন মি. রহমান। তিনি বলেন, শুল্ক আরোপ থেকে শুরু করে এমন তদন্তগুলোর মাধ্যমে যুক্তরাষ্ট্র নিজেদের নীতি প্রয়োগ করছে, যার বিরুদ্ধে অনেক যুক্তি রয়েছে। "তারা যখন তদন্ত করতে আসবে, তার আগেই বাংলাদেশকে এসব বিষয়ে যথাযথ প্রস্তুতি নিতে হবে, যাতে করে আলোচনার টেবিলে আমাদের উদ্বেগগুলোকে দূর করা সম্ভব হয়," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। আবার জোরপূর্বক শ্রমের ক্ষেত্রে যে-সব দেশের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র তদন্তের ঘোষণা দিয়েছে, সেখানে বাংলাদেশের নাম থাকাটাও অনেকের কাছে বিস্ময়কর মনে হয়েছে। কারণ, বাংলাদেশ নব্বইয়ের দশকেই আইন করে শিশু শ্রম নিষিদ্ধ করেছে এবং বাংলাদেশের তৈরি পোশাক খাতের বিরুদ্ধে এ ধরনের অভিযোগও কখনো আসেনি।

তবে রেস্তোরাঁ ও নির্মাণ খাতে এ ধরনের অভিযোগ আসলেও বৈশ্বিক বিভিন্ন সংস্থা ও বাংলাদেশ সরকার নানাভাবে এ নিয়ে কাজ করেছে, যার ফলে শিশু শ্রম এসব খাতেও কমে এসেছে বলে মনে করা হচ্ছে। প্রসঙ্গত, যুক্তরাষ্ট্র বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ বাণিজ্য অংশীদার। দুই দেশের বাণিজ্য প্রায় ৮০০ কোটি ডলারের। তবে বাংলাদেশ সেখানে রপ্তানি বেশি করে, আমদানি কম করে। সরকারি হিসাব অনুযায়ী, বাংলাদেশ সেখানে বছরে রপ্তানি করে প্রায় ৬০০ কোটি ডলারের পণ্য। বিপরীতে আমদানি করে ২০০ কোটি ডলারের পণ্য। অর্থাৎ আমেরিকা ৪০০ কোটি ডলারের পণ্য বাংলাদেশ থেকে বেশি কেনে। ট্রাম্প প্রশাসন বিশ্বজুড়ে দেশগুলোর সঙ্গে বাণিজ্য ঘাটতি কমাতেই শাস্তিমূলক শুল্ক আরোপ করেছিলেন, যা পরে দেশটির সুপ্রিম কোর্ট বাতিল করে। এরপর দেশটি অনেকটা চাপ প্রয়োগ করেই বাংলাদেশসহ অনেক দেশের সাথে চুক্তি করেছে। বাংলাদেশে ওই চুক্তি নিয়ে বিতর্ক তৈরি হয়েছে। গবেষকরা মনে করেন, বাংলাদেশের সাথে যেই চুক্তি হয়েছে, সেটিতেও যুক্তরাষ্ট্র যেভাবে তার স্বার্থ নিশ্চিত করেছে বাংলাদেশ তা পারেনি। তাদের ধারণা, মূলত তৈরি পোশাক খাতকে ক্ষতি থেকে রক্ষার চিন্তা থেকেই বাংলাদেশকে এমন চুক্তি মেনে নিতে হয়েছে। তবে এই চুক্তি এখনো কার্যকর হয়নি।(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৩.২০২৬ আলী আহমেদ)

বাগদাদে মার্কিন দূতাবাসে হামলা, মধ্যপ্রাচ্যে আরও সেনা পাঠাচ্ছে যুক্তরাষ্ট্র

ইরানের সঙ্গে ইসরায়েল-যুক্তরাষ্ট্রের চলমান সংঘাতের মধ্যেই ইরাকের রাজধানী বাগদাদে মার্কিন দূতাবাসে হামলার ঘটনা ঘটেছে। এমন প্রেক্ষাপটেই উপসাগরীয় অঞ্চলে আরও সেনা ও যুদ্ধ জাহাজ পাঠানোর সিদ্ধান্ত নিচ্ছে যুক্তরাষ্ট্র। বার্তা সংস্থা রয়টার্স এবং অ্যাসোসিয়েটেড প্রেস জানিয়েছে যে, একটি ক্ষেপণাস্ত্র দূতাবাস ভবনে আঘাত করেছে, যদিও সংবাদ সংস্থা এএফপি সূত্রের বরাত দিয়ে জানিয়েছে যে, ড্রোন হামলার ফলে এই ক্ষয়ক্ষতি হয়েছে। এমন প্রেক্ষাপটে ইরান যুদ্ধ ঘিরে উপসাগরীয় অঞ্চলে আরও মেরিন সেনা এবং যুদ্ধজাহাজ পাঠানোর কথা জানিয়েছে যুক্তরাষ্ট্র। দেশটির এই সিদ্ধান্তকে বিস্তৃত পরিকল্পনার অংশ হিসেবেই দেখছেন বিশেষজ্ঞরা। এক্ষেত্রে হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলের সুরক্ষা দেওয়ার বিষয়টি যুক্তরাষ্ট্রের বিবেচনায় থাকতে পারে বলেও মনে করা হচ্ছে। এদিকে, ইসরায়েলের উপর হামলার তীব্রতা আরও বাড়ানো হয়েছে বলে দাবি করেছে ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ডস কোর। আর লেবাননের বিভিন্ন এলাকায় ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর আস্তানা লক্ষ্য করে হামলা অব্যাহত রাখার দাবি করেছে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী বা আইডিএফ। আইডিএফ জানিয়েছে যে, শনিবার দক্ষিণ লেবাননে ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর একটি অস্ত্র ভাণ্ডারে হামলা চালিয়েছে তারা। ইসরায়েলের ওপর নতুন করে হামলা চালানোর খবর জানিয়েছে ইরানও।

এদিকে, গুরুত্বপূর্ণ খারগ দ্বীপ হামলার শিকার হয়েছে বলে নিশ্চিত করেছে ইরানের ইসলামিক রেভোলিউশনারি গার্ডস কোরের সাথে যুক্ত ফার্স নিউজ এজেন্সি। সংবাদ মাধ্যমটি জানিয়েছে যে, মার্কিন হামলার সময় দ্বীপটিতে ১৫টিরও বেশি বিস্ফোরণের শব্দ শোনা গিয়েছিল। এসময় দ্বীপটিতে থাকা বিমান প্রতিরক্ষা ব্যবস্থা, নৌ ঘাঁটি, বিমানবন্দর নিয়ন্ত্রণ টাওয়ার এবং একটি হেলিকপ্টার হ্যাঙ্গার লক্ষ্য করে এই হামলা চালানো হয়। তবে, সেখানকার তেল অবকাঠামোর কোনও ক্ষতি হয়নি।

মার্কিন দূতাবাস হামলা

ইরাকি রাজধানী বাগদাদে মার্কিন দূতাবাস ভবনে শুক্রবার হামলার পর ধোঁয়া উড়তে দেখা গেছে। যদিও এই ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ এখনও নিশ্চিত হওয়া যায়নি। এছাড়া হামলার ধরন এবং কারা এই হামলার সঙ্গে জড়িত, সেটিও পুরোপুরি নিশ্চিত নয়। বার্তা সংস্থা রয়টার্স এবং অ্যাসোসিয়েটেড প্রেস জানিয়েছে যে, একটি ক্ষেপণাস্ত্র দূতাবাসে আঘাত করেছে। সূত্রের বরাত দিয়ে রয়টার্স জানিয়েছে, বাগদাদে মার্কিন দূতাবাস ভবনে একটি রকেট আঘাত হানে, যার ফলে সেখান থেকে ধোঁয়া উড়তে থাকে, তবে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রকাশ করা হয়নি। অন্যদিকে সূত্রের বরাত দিয়ে বার্তা সংস্থা এএফপির দাবি, ড্রোন হামলার ফলেই দূতাবাস ভবনে ক্ষয়ক্ষতি হয়েছে। বেশ কয়েকটি সূত্রের বরাত দিয়ে এএফপি বলছে, ইরাকের রাজধানী বাগদাদে একটি হামলায় ইরান-সমর্থিত দুই যোদ্ধা নিহত হওয়ার কিছুক্ষণ পরেই সেখানকার মার্কিন দূতাবাসে এই হামলা চালানো হয়।

আরও মার্কিন সেনা মধ্যপ্রাচ্যে যাচ্ছে

ইরান যুদ্ধ ঘিরে উপসাগরীয় অঞ্চলে আরও মেরিন সেনা এবং যুদ্ধজাহাজ মোতায়েনের সিদ্ধান্ত নিচ্ছে যুক্তরাষ্ট্র। বিবিসির মার্কিন অংশীদার সিবিএস নিউজকে দুই মার্কিন কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করেছেন। বিবিসির কূটনৈতিক সংবাদদাতা পল অ্যাডামস জানিয়েছেন যে, উপসাগরীয় অঞ্চলে আরও মার্কিন সেনা এবং যুদ্ধ জাহাজ পাঠানোর খবরটি মার্কিন গণমাধ্যমেও ব্যাপকভাবে প্রকাশ হচ্ছে। মার্কিন কর্মকর্তারা বলছেন, উপসাগরীয় অঞ্চলে ইউএসএস ত্রিপোলি নামের একটি উভচর আক্রমণকারী জাহাজ উপসাগরীয় অঞ্চলে পাঠানো হচ্ছে। ত্রিপোলির সাথে আর কোনো জাহাজ যাবে কিনা, সেটি এখনও স্পষ্ট নয়। অবশ্য যুদ্ধ জাহাজ ত্রিপোলি উভচর এআরজি ল্যান্ডিং ক্রাফট বহনে সক্ষম, পাশাপাশি বিপুল সংখ্যক হেলিকপ্টারও অন্তর্ভুক্ত থাকে জাহাজটিতে। এছাড়া ইউএসএস ত্রিপোলির নেতৃত্বে কয়েকটি যুদ্ধ জাহাজের এই ইউনিটে প্রায় পাঁচ হাজার নাবিক এবং মেরিন সৈন্য রয়েছেন। নতুন করে জাহাজ ও সেনা মোতায়েনের এই সিদ্ধান্তের ফলে যুক্তরাষ্ট্র যে ওই অঞ্চলে আরও বিস্তৃত বিকল্প নিয়ে ভাবছে, সেটি নিশ্চিত বলেই মনে করেন বিবিসির কূটনৈতিক সংবাদদাতা পল অ্যাডামস। তার মতে, এর সিদ্ধান্তের মধ্যে হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলের সুরক্ষা এবং যুদ্ধের ময়দানে বাড়তি সক্ষমতা অর্জনের মতো বিষয়গুলোও থাকতে পারে।

ইরান-ইসরায়েল পাল্টাপাল্টি হামলা অব্যাহত

যুদ্ধের ১৫তম দিনেও পাল্টা হামলা অব্যাহত রেখেছে ইরান ও ইসরায়েল। পশ্চিম ইরানের তাবরিজ শহরের একটি শিল্প এলাকার বাসিন্দাদের নিরাপদে সরিয়ে নেওয়ার সতর্কতা জারি করেছে ইসরায়েলি সামরিক বাহিনী। "আগামী কয়েক ঘণ্টার মধ্যে" ওই এলাকায় হামলা চালানোর সতর্কতা জারি করেছে আইডিএফ। জনগণকে সতর্ক করে, অবিলম্বে এলাকাটি খালি করার আহ্বান জানিয়েছে তারা। এছাড়া দক্ষিণ লেবাননের একটি অস্ত্র ভাণ্ডারে হামলা চালানোর খবর জানিয়েছে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী বা আইডিএফ। আইডিএফ দাবি করেছে যে, তারা শুক্রবার ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর সদস্যদের আল-মাজাদেল এলাকার স্থাপনায় রকেট বহন করতে দেখেছে। যার কয়েক মিনিট পরই, ইসরায়েলি বিমান বাহিনী গুদামটিতে হামলা চালিয়ে হিজবুল্লাহ সদস্যদের "নির্মূল" করে বলে সামাজিক মাধ্যমে দেওয়া একটি পোস্টে জানানো হয়েছে। লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, যুদ্ধ শুরু হওয়ার পর থেকে লেবাননে ৭৭০ জনেরও বেশি মানুষ নিহত হয়েছেন। এদিকে, ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানিয়েছে যে, ইসলামিক রেভোলিউশনারি গার্ডস কোর ইসরায়েলের বিরুদ্ধে ৪৮তম আক্রমণ শুরু করেছে। লেবাননে হিজবুল্লাহর সাথে যৌথভাবে এই আক্রমণগুলো চালানো হয়েছে বলে দাবি করেছে ইসলামিক রিপাবলিক নিউজ এজেন্সি।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৩.২০২৬ আলী আহমেদ)

ইরানের গুরুত্বপূর্ণ 'তেল দ্বীপে' সব সামরিক স্থাপনা সম্পূর্ণ ধ্বংসের দাবি ডোনাল্ড ট্রাম্পের

ইরানের খারগ দ্বীপের সব সামরিক লক্ষ্যবস্তু ধ্বংস করা হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে তিনি বলেছেন, সেখানকার তেল অবকাঠামোর কোনো ক্ষতি করা হয়নি। বিবিসির মাইকি কে-এর ব্যাখ্যা অনুযায়ী, এই দ্বীপটি থেকেই ইরানের ৯০ শতাংশ তেল রপ্তানি হয় এবং এটিকে তেহরানের অর্থনীতির লাইফলাইন বলা হয়। এর আগে, দুইজন কর্মকর্তা সিবিএস নিউজকে বলেছেন যে, যুক্তরাষ্ট্র মধ্যপ্রাচ্যে একটি মেরিন ইউনিট এবং আরও যুদ্ধজাহাজ পাঠানোর পরিকল্পনা করছে। এই মেরিন ইউনিটটি সমুদ্রপথে আক্রমণ চালাতে সক্ষম এবং সাধারণত এটি কয়েকটি যুদ্ধজাহাজে থাকা সর্বোচ্চ প্রায় ৫ হাজার মেরিন ও নাবিক নিয়ে গঠিত হয়। এ বিষয়ে মন্তব্যের জন্য বিবিসি যুক্তরাষ্ট্রের সেনাবাহিনী ও পেন্টাগনের সাথে যোগাযোগ করেছে। বিবিসির কূটনৈতিক সংবাদদাতা বলছেন, এসব খবর থেকে ধারণা পাওয়া যাচ্ছে যে, ইরানের বিরুদ্ধে যুদ্ধে যুক্তরাষ্ট্র আরও বিস্তৃত বিকল্প নিয়ে চিন্তা করছে। ওদিকে ইসরায়েলের সামরিক বাহিনী জানিয়েছে, ইরান আরও ক্ষেপণাস্ত্র ছুঁড়েছে এবং সেজন্য তারা লোকজনকে আশ্রয়কেন্দ্রে যাওয়ার নির্দেশ দিয়েছে।

যুক্তরাষ্ট্রের সহযোগী তেল কোম্পানির ওপর হামলার হুঁশিয়ারি ইরানের

যুক্তরাষ্ট্র ইরানের গুরুত্বপূর্ণ তেল রপ্তানি কেন্দ্র খারগ দ্বীপের সামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালানোর পর ইরান পাল্টা সতর্ক করেছে। তারা বলেছে, যদি তাদের তেল ও জ্বালানি অবকাঠামোর ওপর আরও হামলা হয়, তাহলে তারা ওই

অঞ্চলে যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করা তেল কোম্পানি ও জ্বালানি স্থাপনাগুলোকে হামলার লক্ষ্যবস্তু বানাতে পারে। ইরানের সংবাদমাধ্যমকে উদ্ধৃত করে বার্তা সংস্থা রয়টার্স এই খবর দিয়েছে।

খারগ দ্বীপ কোথায়, কেন যুক্তরাষ্ট্রের কাছে গুরুত্বপূর্ণ

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন যে, যুক্তরাষ্ট্র খারগ দ্বীপের সব "সব সামরিক লক্ষ্যবস্তুতে" বোমা হামলা চালিয়েছে। এটি ইরানের উপকূল থেকে প্রায় ১৫ নটিক্যাল মাইল দূরে অবস্থিত প্রায় ৫ মাইল লম্বা একটি ছোট দ্বীপ। এই দ্বীপকে ইরানের অর্থনীতির লাইফলাইন হিসেবে বিবেচনা করা হয়। দ্বীপটিতে অল্প কিছু মানুষ বাস করে। বরং ইরানের রপ্তানি করা অপরিশোধিত তেলের প্রায় ৯০ শতাংশই এই দ্বীপের মাধ্যমে যায়। বড়ো বড়ো তেলবাহী ট্যাংকার প্রথমে এই দ্বীপ থেকে তেল নিয়ে তারপর সেখান থেকে পারস্য উপসাগর ও হরমুজ প্রণালি অতিক্রম করে বিশ্বের বিভিন্ন দেশে যায়। এর অন্যতম হলো চীন। দেশটি ইরানি তেলের সবচেয়ে বড়ো ক্রেতা।

কাতারে মানুষকে সরিয়ে নেওয়ার নির্দেশ জারি

কাতারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেশের কিছু অংশ থেকে লোকজনকে সরে যাওয়ার নির্দেশ দিয়েছে। এতে বলা হয়েছে, একটি সাময়িক সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে এ নির্দেশ দেওয়া হয়েছে, যা ঝুঁকি শেষ না হওয়া পর্যন্ত কার্যকর থাকবে। এই সতর্কবার্তায় হুমকির প্রকৃতি স্পষ্টভাবে বলা হয়নি, তবে ইরান বলেছে, তারা দেশটিকে লক্ষ্য করে নতুন করে হামলা করেছে। ইরান এর আগেও এই উপসাগরীয় রাষ্ট্রকে লক্ষ্য করে হামলা করেছিল। ওদিকে, বাহরাইনও তাদের নাগরিকদের আশ্রয় নিতে বলেছে এবং সেখানে সাইরেন বাজিয়ে লোকজনকে সতর্ক করা হয়েছে। অন্যদিকে, সৌদি আরব বলেছে যে, তারা কিছু ক্ষেপণাস্ত্র প্রতিহত করেছে।

রাশিয়ার তেল নিষেধাজ্ঞা প্রত্যাহার নিয়ে সমালোচনা

ইউরোপীয় নেতারা রাশিয়ার তেল কেনার ওপর নিষেধাজ্ঞা সাময়িকভাবে শিথিল করার যে সিদ্ধান্ত যুক্তরাষ্ট্র নিয়েছে, সে বিষয়ে প্রতিক্রিয়া জানিয়েছেন। এই ছাড়ের ফলে বিভিন্ন দেশ সমুদ্রে থাকা কিন্তু নিষেধাজ্ঞার কারণে এখনও বিক্রি না হওয়া রুশ তেল কিনতে পারবে। ইউরোপীয় কাউন্সিলের সভাপতি অ্যান্টনিও কস্টা শুক্রবার বলেছেন, যুক্তরাষ্ট্রের এই সিদ্ধান্ত 'খুবই উদ্বেগজনক', কারণ তার মতে, এটি ইউরোপের নিরাপত্তার ওপর প্রভাব ফেলতে পারে। সামাজিক মাধ্যম এক্স-এ তিনি লিখেছেন, নিষেধাজ্ঞা দুর্বল করলে ইউক্রেনের বিরুদ্ধে আগ্রাসী যুদ্ধ চালানোর জন্য রাশিয়ার সম্পদ আরও বাড়বে। ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি এক সংবাদ সম্মেলনে বলেন, এই পদক্ষেপের ফলে রাশিয়া প্রায় ১০ বিলিয়ন ডলার (৭.৫ বিলিয়ন পাউন্ড) লাভ করতে পারে। তার মতে, 'এটি অবশ্যই শান্তি প্রতিষ্ঠায় সহায়তা করে না'। অন্যদিকে, ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাঁক্র মি. জেলেনস্কির সাথে একসঙ্গে বক্তব্য দিতে গিয়ে বলেছেন, হরমুজ প্রণালি বন্ধ হওয়ার ঘোষণাকে কোনোভাবেই রাশিয়ার ওপর থেকে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার কারণ হিসেবে দেখানো যায় না। কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি, তার দেশের অবস্থান হলো রাশিয়ার ওপর নিষেধাজ্ঞা বজায় রাখা। এর আগে, আরেকটি সংবাদ সম্মেলনে জার্মানির চ্যান্সেলর বলেছেন, যুক্তরাষ্ট্রের এই সিদ্ধান্ত 'ভুল'।

(বিবিসি ওয়েব পেজ : ১৪.০৩.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### ওয়াশিংটনে আগামী সপ্তাহে ট্রাম্পের সাথে বৈশ্বিক উত্তেজনা নিয়ে আলোচনা করবেন তাকাইচি

জাপানের প্রধানমন্ত্রী তাকাইচি সানায়ে, আগামী সপ্তাহে চার দিনের যুক্তরাষ্ট্র সফরের প্রস্তুতি গ্রহণ করছেন। বৈশ্বিক উত্তেজনা বৃদ্ধির প্রেক্ষাপটে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সাথে আরও গভীর আলোচনা করার পরিকল্পনা করছেন তাকাইচি। তাকাইচি বুধবার জাপান ত্যাগ করবেন। উল্লেখ্য, গত বছর দায়িত্ব গ্রহণের পর এটি হবে তার প্রথম ওয়াশিংটন সফর। আগামী বৃহস্পতিবার ট্রাম্পের সাথে তার সাক্ষাতের ব্যবস্থা করা হচ্ছে। বৈঠকে তাকাইচি, জাপান-মার্কিন জোটের গুরুত্ব পুনর্ব্যক্ত করার পরিকল্পনা করছেন। দুই নেতা, ইরানসহ পূর্ব এশিয়া ও মধ্যপ্রাচ্য বিষয়েও আলোচনা করবেন বলে ধারণা করা হচ্ছে। পারস্পরিক অর্থনৈতিক নিরাপত্তা ও দ্বিপাক্ষিক বাণিজ্য চুক্তির ভিত্তিতে যুক্তরাষ্ট্রে বিনিয়োগের মাধ্যমে বিস্তৃত ক্ষেত্রে সহযোগিতা জোরদার করাই হচ্ছে তাকাইচির লক্ষ্য। চীনের ক্রমবর্ধমান অর্থনৈতিক ও সামরিক প্রভাবও তাদের আলোচ্যসূচীর শীর্ষে থাকবে বলে ধারণা করা হচ্ছে। গতকাল শুক্রবার সংসদ অধিবেশনে তাকাইচি, ক্রমবর্ধমান বৈশ্বিক উত্তেজনার আলোকে ট্রাম্পের কাছে জাপানের অবস্থান ও দৃষ্টিভঙ্গি পৌঁছে দেয়ার আশাবাদ ব্যক্ত করেন। ইরানে মার্কিন-ইসরায়েলি সামরিক অভিযানের আইনি মূল্যায়ন করা কঠিন হওয়ার পাশাপাশি যত তাড়াতাড়ি সম্ভব উত্তেজনা কমানোর আহ্বান জানানোই হচ্ছে জাপান সরকারের অবস্থান।

(এনএইচকে ওয়েবপেইজ: ১৪.০৩.২৬ রনি)

## ডয়চে ভেলে

### হাদি হত্যায় অভিযুক্তদের পালাতে সহায়তাকারীও ভারতে গ্রেফতার

বাংলাদেশের ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহিদ শরিফ ওসমান বিন হাদি হত্যায় মূল অভিযুক্তদের পালাতে সহায়তাকারীকেও গ্রেফতার করার কথা জানিয়েছে ভারত পুলিশ। এর আগে, গত রোববার (৮ মার্চ) ফয়সাল করিম মাসুদ ও তার সহযোগী আলমগীর হোসেনকে গ্রেফতার করার কথা জানিয়েছিল স্পেশাল টাস্কফোর্স- এসটিএফ। এর

এক সপ্তাহের মধ্যেই তাদের পালাতে সহায়তাকারীকে গ্রেফতার করার কথাও নিশ্চিত করলো পশ্চিমবঙ্গ পুলিশ। পশ্চিমবঙ্গ পুলিশ সংবাদ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, এসটিএফ-এর প্রাথমিক জিজ্ঞাসাবাদে ফিলিপ সাংমা বাংলাদেশের ওসমান হাদির হত্যায় অভিযুক্ত ফয়সাল করিম এবং আলমগীরকে মেঘালয় সীমান্ত দিয়ে ভারতে ঢুকতে সহায়তা করেন। ফিলিপ সাংমাকে আদালতে তোলার পর এখন পুলিশ হেফাজতে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলেও জানিয়েছে এসটিএফ। বাংলাদেশে ইনকিলাব মঞ্চ নামের একটি সংগঠনের আহ্বায়ক শরিফ ওসমান হাদি ২০২৬ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য নির্বাচনকে সামনে রেখে ঢাকা-৮ আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য গণসংযোগ করছিলেন। এর মধ্যেই ২০২৫ সালের ১২ ডিসেম্বর ঢাকায় চলন্ত রিকশায় বসে থাকা ওসমান হাদিকে গুলি করে মোটরসাইকেল আরোহী দুর্বৃত্তরা। মাথায় গুলি লাগা ওসমান হাদিকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুরে নেওয়া হয়। সেখানে ১৮ ডিসেম্বর তিনি মারা যান। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৩.২০২৬ রুবাইয়া)

## প্রতিবেশীদের উপর হামলা বন্ধ করতে ইরানকে হামাসের আহ্বান

ইসরায়েলি ও মার্কিন হামলার জবাবে আঞ্চলিক প্রতিবেশীদের উপর হামলা থেকে বিরত থাকতে ইরানের প্রতি আহ্বান জানিয়েছে ফিলিস্তিনের হামাস। তবে একইসঙ্গে তেহরানের আত্মরক্ষার অধিকারের উপরও জোর দিয়েছে জঙ্গি গোষ্ঠীটি। শনিবার এক বিবৃতিতে হামাস বলেছে, "আন্তর্জাতিক নিয়ম ও আইন অনুসারে সকল সম্ভাব্য উপায়ে এই আগ্রাসনের জবাব দেওয়ার জন্য ইসলামী প্রজাতন্ত্র ইরানের অধিকার নিশ্চিত করার পাশাপাশি, আন্দোলনটি (হামাস) ইরানের ভাইদের প্রতি প্রতিবেশী দেশগুলোকে লক্ষ্যবস্তু করা এড়ানোর আহ্বান জানাচ্ছে।" মধ্যপ্রাচ্যের দেশগুলোকেও ইরানের উপর মার্কিন ও ইসরায়েলি আক্রমণ 'বন্ধে সহযোগিতার' আহ্বান জানিয়েছে হামাস। দীর্ঘদিন ধরে হামাসের একটি প্রধান অর্থনৈতিক সহযোগী হিসাবে কাজ করছে ইরান। অন্যদিকে, মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইইউসহ অন্য নানা দেশ হামাসকে সন্ত্রাসী সংগঠনের তালিকায় অন্তর্ভুক্ত করেছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৩.২০২৬ রুবাইয়া)

## ইরানের খর্গ দ্বীপের সামরিক লক্ষ্যবস্তু ধ্বংসের দাবি ট্রাম্পের

মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের খর্গ দ্বীপের 'প্রতিটি সামরিক লক্ষ্যবস্তু সম্পূর্ণরূপে ধ্বংস করে দিয়েছে' আমেরিকা। এই দ্বীপ থেকে ইরানের প্রায় সব অপরিশোধিত তেল রপ্তানি পরিচালনা করা হয়। দ্বীপটির তেল অবকাঠামোতে হামলা চালানো হয়নি বলেও জানিয়েছেন ট্রাম্প। তবে সতর্ক করে দিয়েছেন, "যদি ইরান, বা অন্য কেউ হরমুজ প্রণালি দিয়ে জাহাজের অবাধ ও নিরাপদ যাতায়াতের ক্ষেত্রে হস্তক্ষেপ করার জন্য কিছু করে তবে" তিনি এই সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন। মার্কিন নৌবাহিনী কখন হরমুজ প্রণালি দিয়ে চলাচল করা ট্যাংকারগুলোকে পাহারা দেওয়া শুরু করবে জানতে চাইলে ট্রাম্প শুক্রবার সাংবাদিকদের বলেন, "এটি শিগ্গিরই ঘটবে।" শনিবার ইরানের সংবাদমাধ্যম দেশটির সশস্ত্র বাহিনীর বরাতে জানিয়েছে, ইরানের তেল ও জ্বালানি অবকাঠামোতে আক্রমণ করা হলে এই অঞ্চলে যুক্তরাষ্ট্রের সঙ্গে কাজ করা তেল কোম্পানিগুলোর মালিকানাধীন জ্বালানি অবকাঠামোতে পালটা হামলা চালাবে ইরান। মার্কিন কর্মকর্তারা বলছেন, মধ্যপ্রাচ্যে সংঘাত তীব্রতর হওয়ার পর খার্গ দ্বীপ দখল করার কথাও উড়িয়ে দিচ্ছে না ট্রাম্প প্রশাসন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## ডেঙ্গু-চিকুনগুনিয়া রোধে সবচেয়ে কার্যকর সচেতনতা ও পরিচ্ছন্নতা : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশের মানুষকে সতর্ক করে বলেছেন, ডেঙ্গু ও চিকুনগুনিয়া থেকে রক্ষা পাওয়ার জন্য সচেতনতা ও পরিচ্ছন্নতা সবচেয়ে কার্যকর উপায়। এডিস মশার কামড় থেকেই মানুষ ডেঙ্গু এবং চিকুনগুনিয়ায় আক্রান্ত হয়। তাই সবাইকে আগে থেকেই প্রতিকারমূলক পদক্ষেপ নিতে হবে। প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন এ কথা জানিয়েছেন। তারেক রহমান উল্লেখ করেন, বর্তমানে ডেঙ্গু নির্দিষ্ট কোনো মৌসুমে সীমাবদ্ধ নয়। যে-কোনো সময়ই মানুষ আক্রান্ত হতে পারে। তিনি বলেন, "ফুলের টব, ড্রাম, বালতি, পরিত্যক্ত টায়ার বা বাড়ির ছাদে পানি জমতে দেবেন না। পানির ট্যাংক ঢেকে রাখা জরুরি। প্রতি সপ্তাহে কমপক্ষে একবার বাসা বাড়ি এবং আশপাশ পরিচ্ছন্ন রাখুন।" সরকার শনিবার (১৪ মার্চ) থেকে সারা দেশে পরিচ্ছন্নতা অভিযান শুরু করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ৭২ হাজার লিটার জেট ফুয়েল চুরির অভিযোগ, তদন্তে পদ্মা অয়েল

নারায়ণগঞ্জের গোদনাইল থেকে রাজধানীর কুর্মিটোলা ডিপোতে যাওয়ার পথে ৭২ হাজার লিটার জেট ফুয়েল চুরির অভিযোগ উঠেছে। এ চুরির অভিযোগ তদন্তে মাঠে নেমেছে পদ্মা অয়েল পিএলসির একটি দল। শনিবার (১৪ মার্চ) সকালে ওই প্রতিনিধিদলের সদস্যরা কুর্মিটোলা ডিপোতে গিয়ে সিসিটিভি ফুটেজ যাচাই-বাছাইসহ সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলেন। তদন্ত দলে রয়েছেন- পদ্মা অয়েলের উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা) ও হেড অব ইন্টারনাল অডিট অ্যান্ড কমপ্ল্যায়েন্স মো. শফিউল আজম এসিএ, ব্যবস্থাপক (পরিচালন) পেয়ার আহাম্মদ এবং কর্মকর্তা (ইঞ্জি.) কে এম আবদুর রহিম। তারা ডিপোর বিভিন্ন স্থানে থাকা সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করেন। পাশাপাশি, তেলবাহী গাড়ির চলাচল সংক্রান্ত তথ্য মিলিয়ে দেখতে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সিসিটিভি ফুটেজও যাচাই-বাছাই করা হয়।

এছাড়া, ডিপোতে থাকা তেলও পরিমাপ করে দেখেন তারা। এ সময় ডিপোর কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে কথাও বলেন তদন্তের দায়িত্বে থাকা পদ্মা অয়েলের কর্মকর্তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ঈদে লক্কড়- ঝক্কর বাস নামালেই তাৎক্ষণিক ব্যবস্থা : ডিএমপি কমিশনার

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে রাজধানী থেকে দেশের বিভিন্ন জেলায় যাতায়াত নির্বিঘ্ন করতে ব্যাপক নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনার উদ্যোগ নিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। ঈদকে কেন্দ্র করে লক্কড়- ঝক্কর বাস রাস্তায় নামানো নিষিদ্ধ করেছেন ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সারওয়ার। তিনি বলেন, লক্কড়- ঝক্কর বাস রাস্তায় নামালেই তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। শনিবার (১৪ মার্চ) দুপুরে রাজধানীর বৃহত্তর বাস টার্মিনালে 'ঈদযাত্রা নির্বিঘ্নে ও চাঁদামুক্ত করার লক্ষ্যে মালিক-শ্রমিক মতবিনিময় সভা' অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## মস্তিষ্কে ইনফেকশন, নিবিড় পর্যবেক্ষণে মীর্জা আব্বাস

রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসের আজ শনিবার (১৪ মার্চ) ফের সিটিস্ক্যান করানো হবে। হাসপাতালের অধ্যাপক ডা. শাহাবুদ্দিন তালুকদার গণমাধ্যমকে জানিয়েছেন, তার মস্তিষ্কে রক্তক্ষরণ হয়নি। তবে ইনফেকশন হয়েছে। অস্ত্রোপচার সফলভাবে সম্পন্ন হলেও, তাকে বিদেশে নেওয়া যাবে কি না, তা নির্ভর করবে শারীরিক অবস্থার ওপর। ডা. শাহাবুদ্দিন তালুকদার জানিয়েছেন, মীর্জা আব্বাসকে বর্তমানে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে এবং মেডিক্যাল বোর্ডের পক্ষ থেকে তার শারীরিক অবস্থার বিষয়ে বিস্তারিত তথ্য জানানো হয়েছে। চিকিৎসকরা দেশবাসীর কাছে তার আরোগ্য কামনায় দোয়া চেয়েছেন। গত বুধবার ইফতারির সময় হঠাৎ অসুস্থ হয়ে জ্ঞান হারানোর পর রাজধানীর বসুন্ধরার এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসকে। এরপর থেকে তিনি হাসপাতালেই চিকিৎসাধীন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## নির্ধারিত দামের চেয়ে বেশি দামে তেল বিক্রি, ৫০ হাজার টাকা জরিমানা

টাঙ্গাইল শহরে নির্ধারিত দামের চেয়ে বেশি মূল্যে জ্বালানি তেল বিক্রি ও অবৈধ মজুতের দায়ে 'রমজান এন্টারপ্রাইজ' নামের একটি পাইকারি ডিলার প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। শনিবার (১৪ মার্চ) দুপুরে শহরের থানাপাড়া এলাকায় জেলা ভোক্তা অধিদপ্তরের সহকারী পরিচালক আসাদুজ্জামান রোমেলের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়। আসাদুজ্জামান রোমেল জানান, শহরের একটি পাইকারি তেলের ডিলার পয়েন্টে তল্লাশি চালিয়ে প্রায় ৩ হাজার লিটার ডিজেল অবৈধ মজুত অবস্থায় পাওয়া যায়। এছাড়া, সরকার নির্ধারিত প্রতি লিটার ডিজেল ১০৫ টাকার পরিবর্তে ১২০ টাকা এবং ১১৬ টাকার পেট্রোল ১৫০ টাকা দরে বিক্রি করছিল প্রতিষ্ঠানটি। এই অপরাধে রমজান এন্টারপ্রাইজকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। তিনি আরও জানান, বাজারে ন্যায্যমূল্য নিশ্চিত করতে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ত্রয়োদশ সংসদের প্রথম অধিবেশন চলবে ৩০ এপ্রিল পর্যন্ত

ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন আগামী ৩০ এপ্রিল পর্যন্ত চলবে। সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন বিকেল ৩টায় অধিবেশন অনুষ্ঠিত হবে। প্রয়োজনে অধিবেশনের সময় ও কার্যদিবস সম্পর্কিত যে-কোনো বিষয় পরিবর্তনের ক্ষমতা স্পিকারকে দেওয়া হয়েছে। শনিবার (১৪ মার্চ) জাতীয় সংসদ ভবনের ক্যাবিনেট কক্ষে অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির প্রথম বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণের ওপর মোট ৫০ ঘণ্টা আলোচনার সিদ্ধান্তও গৃহীত হয় বৈঠকে। কমিটির সভাপতি জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে কমিটির সদস্য, সংসদ নেতা ও প্রধানমন্ত্রী তারেক রহমান অংশগ্রহণ করেন। বৈঠকে ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশনের কার্যাদি নিষ্পন্নের জন্য সময় বরাদ্দকরণ ও অধিবেশনের স্থায়িত্বকাল নিয়ে আলোচনা করা হয়। এ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য আটটি ও অন্যান্য মন্ত্রীর জন্য ৪৬০টি প্রশ্নসহ মোট ৪৬৮টি প্রশ্ন পাওয়া গেছে। বিধি-৭১-এ মনোযোগ আকর্ষণের নোটিশ পাওয়া গেছে ২৭টি এবং বিধি-১৩১ অনুযায়ী সিদ্ধান্ত প্রস্তাবের ৯৭টি নোটিশ পাওয়া গেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সাংবাদিক আনিস আলমগীর কারামুক্ত

দুই মামলায় জামিনের পর কারাগার থেকে মুক্ত হয়েছেন সাংবাদিক আনিস আলমগীর। শনিবার (১৪ মার্চ) দুপুর ২টা ৩০ মিনিটের দিকে কাশিমপুর কেন্দ্রীয় কারাগার থেকে মুক্তি পান তিনি। কারা সদর দপ্তরের সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) মো. জান্নাত-উল ফরহাদ জাগো নিউজকে এ তথ্য জানান। তিনি জানান, তার জামিনের কাগজ কারাগারে পৌঁছায়। পরে যাচাই-বাছাই শেষে আজ শনিবার দুপুর আড়াইটার দিকে তাকে মুক্তি দেওয়া হয়েছে। এ সময়ে তার স্ত্রীসহ স্বজনেরা কারাগারে উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন না হলে আন্দোলনের হুঁশিয়ারি

আগামীকাল সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন না হলে আন্দোলনে যেতে বাধ্য হবে ১১ দলীয় ঐক্য। আগামী ২৮ মার্চ আন্দোলনের রূপরেখা তৈরি করা হবে। শনিবার (১৪ মার্চ) জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কার্যালয়ে ১১ দলীয় ঐক্যের লিয়াজোঁ কমিটির বৈঠক শেষে সংবাদ সম্মেলনে এ কথা জানান জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল ও ১১ দলীয় ঐক্যের লিয়াজোঁ কমিটির সমন্বয়ক হামিদুর রহমান আযাদ। তিনি বলেন, আমরা আজকে বৈঠক থেকে এই সিদ্ধান্ত নিয়েছি- আগামীকাল যদি সরকার জুলাই সনদ বাস্তবায়নের জন্য অধিবেশন না ডাকে, তাহলে আমরা রাজপথে যেতে বাধ্য হবো। শীর্ষ নেতারা বৈঠক ডেকে কর্মসূচি দেবেন। তিনি বলেন, একই দিনে দুটি নির্বাচন হয়েছে। 'হ্যাঁ' ভোট জয়যুক্ত হয়েছে, সরকারের দায়িত্ব এটা বাস্তবায়ন করা। ভোট দুটি অনুযায়ী দুটি সাধারণ অধিবেশন ডাকার নিয়ম কিন্তু ডেকেছে একটি। বিএনপির সদস্যরা সংবিধান সংস্কারের শপথ নেননি। অথচ তারা জুলাই সনদে স্বাক্ষর করেছেন, একই দিন গণভোটও চেয়েছেন, গণভোটের পক্ষে 'হ্যাঁ' ভোট চেয়েছেন, শেষে এসে মানলেন না, এটা জাতির সঙ্গে প্রতারণা। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ঈদের ছুটির আগেই শ্রমিকদের বেতন-বোনাস পরিশোধের নির্দেশ

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী আরিফুল হক চৌধুরী বলেছেন, দেশের সব শিল্পকারখানার শ্রমিকদের বকেয়া বেতন ও বোনাস অবশ্যই ঈদের ছুটির আগেই পরিশোধ করতে হবে। কোনো অবস্থাতেই যেন শ্রমিকদের প্রাপ্য পাওনা নিয়ে কোনো জটিলতা সৃষ্টি না হয়, সেদিকে সংশ্লিষ্ট সবাইকে সতর্ক থাকতে হবে। শনিবার (১৪ মার্চ) ঢাকায় বেইলি রোডে শ্রমমন্ত্রী আরিফুল হক চৌধুরীর সরকারি বাসভবনের অফিস কক্ষে আরএমজি ও নন-আরএমজি সেক্টরে শ্রম অসন্তোষ নিরসনে করণীয় নির্ধারণে উচ্চপর্যায়ের সভায় মন্ত্রী একথা বলেন। তিনি বলেন, সংশ্লিষ্ট সংসদীয় এলাকাভিত্তিক ঝুঁকিপূর্ণ কারখানার তালিকা তৈরি করে সংশ্লিষ্ট সংসদ সদস্যদের কাছে পাঠানো হবে। সংসদ সদস্যরা সরাসরি কারখানা কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে বকেয়া বেতন ও বোনাস দ্রুত পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। এছাড়া, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা থাকা সত্ত্বেও ইউসিবিএল, ট্রাস্ট ও প্রিমিয়ার ব্যাংকসহ যে-সব ব্যাংক লোন প্রদানে গড়িমসি করছে, তাদের সঙ্গে যোগাযোগ করে দ্রুত ঋণের ব্যবস্থা নিশ্চিত করার নির্দেশ দেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে বিশেষ অভিযানে ১৯ ছিনতাইকারীসহ গ্রেফতার ২৮, মাদক জব্দ

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ (সিএমপি) নগরের বিভিন্ন থানা এলাকায় বিশেষ 'এস-ড্রাইভ' অভিযান চালিয়ে ১৯ ছিনতাইকারীসহ ২৮ জনকে গ্রেফতার করেছে। অভিযানে জব্দ করা হয়েছে ৪৯০ পিস ইয়াবা ট্যাবলেট ও ১০ লিটার চোলাই মদ। শনিবার (১৪ মার্চ) সিএমপির কন্ট্রোল রুম সূত্রে এসব তথ্য জানা গেছে। সিএমপি জানায়, অভিযানে মাদকদ্রব্য উদ্ধার সংক্রান্ত ঘটনায় দু-জন, ছিনতাইকারী ১৯ জন, চাঁদাবাজ একজন, দু-জন জুয়াড়ি ও কিশোর গ্যাংয়ের চার সদস্যকে গ্রেফতার করা হয়েছে। উদ্ধার করা মাদকদ্রব্যের মধ্যে কর্ণফুলি থানা এলাকা থেকে ৪৯০ পিস ইয়াবা ট্যাবলেট এবং ইপিজেড থানা এলাকা থেকে ১০ লিটার চোলাই মদ জব্দ করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## আরও ৫ সিটি করপোরেশনে প্রশাসক নিয়োগ

আরও পাঁচ সিটি করপোরেশনে প্রশাসক নিয়োগ দিয়েছে সরকার। বরিশাল, রাজশাহী, ময়মনসিংহ, রংপুর ও কুমিল্লা সিটি করপোরেশনে পূর্ণকালীন প্রশাসক নিয়োগ দিয়ে শনিবার (১৪ মার্চ) স্থানীয় সরকার বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বরিশাল সিটি করপোরেশনে, মো. মাহফুজুর রহমান রাজশাহী সিটি করপোরেশনে, মো. রোকনুজ্জামান রোকন ময়মনসিংহ সিটি করপোরেশনের প্রশাসক নিয়োগ পেয়েছেন। এছাড়া মাহফুজ উন নবী চৌধুরী রংপুর সিটি করপোরেশনে এবং মো. ইউসুফ মোল্লাকে কুমিল্লা সিটি করপোরেশনের প্রশাসক করা হয়েছে। প্রশাসক হিসেবে নিয়োগ পাওয়া সবাই বিএনপির স্থানীয় নেতা বলে জানা গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সংবিধান সংস্কার পরিষদের বিষয়ে সংসদে আলোচনা হতে পারে : স্বরাষ্ট্রমন্ত্রী

সংবিধান সংস্কার পরিষদ নিয়ে জাতীয় সংসদের অধিবেশনে আলোচনা হতে পারে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। শনিবার (১৪ মার্চ) জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন তিনি। সংবিধান সংস্কার পরিষদের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আলোচনা ফ্লোরে (অধিবেশনে) হতে পারে। এখানে না (কার্য উপদেষ্টা কমিটি)। শপথ না নিলে জামায়াতের রাজপথে নামার ঘোষণার বিষয়ে জানতে চাইলে মন্ত্রী বলেন, এটা তাদের জিজ্ঞেস করেন। সালাহউদ্দিন আহমদ বলেন, আজ কার্য উপদেষ্টা কমিটির প্রথম বৈঠক হয়েছে। সংসদের প্রথম অধিবেশন কতদিন চলবে, কী কী আলোচনা হবে, কী কী আইন উত্থাপন হবে, রাষ্ট্রপতির ভাষণের ওপর কত ঘণ্টা আলোচনা হবে, তা নিয়ে আলোচনা হয়েছে, সিদ্ধান্ত হয়েছে। ১৫ মার্চ বেলা ১১টায় মুলতবি অধিবেশন হবে। এরপর ১৬ থেকে ২৮ মার্চ পর্যন্ত মুলতবি থাকবে এবং ২৯ মার্চ থেকে সংসদ আবারও বসবে। এপ্রিল জুড়েই সংসদ অধিবেশন চলবে। অন্তবর্তী সরকারের সময়ে জারি করা অধ্যাদেশ নিয়ে আলোচনার জন্য বিশেষ কমিটি

গঠন করা হয়েছিল গত বৃহস্পতিবার। এ বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিশেষ কমিটির উদ্দেশ্য হলো মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি গঠনের আগে ঐতিহ্য অনুযায়ী বিশেষ কমিটি গঠিত হয়। এটা কালকেই আইনমন্ত্রী উত্থাপন করবেন। অধ্যাদেশগুলো বিশেষ কমিটিতে পাঠানো হবে। সেখানে যাচাই-বাছাই করে রিপোর্ট আকারে সংসদে উত্থাপিত হবে। এ অধিবেশনে অবশ্যই সম্ভব। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## শাহ আমানত বিমানবন্দরে ফের ৭ ফ্লাইট বাতিল

মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির প্রভাবে দুবাই, আবুধাবি, শারজাহ ও দোহার এয়ারফিল্ড বন্ধ থাকায় চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে ফের সাতটি ফ্লাইট বাতিল করা হয়েছে। শনিবার (১৪ মার্চ) সন্ধ্যা ৬টার দিকে বিমানবন্দর কর্তৃপক্ষের জনসংযোগ কর্মকর্তা মোহাম্মদ ইব্রাহীম খলিল বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন। বিমানবন্দর কর্তৃপক্ষ জানায়, দুবাই, আবুধাবি ও শারজাহর এয়ারফিল্ড সীমিত পরিসরে এবং দোহা এয়ারফিল্ড পুরোপুরি বন্ধ থাকায়, এসব ফ্লাইট বাতিল করা হয়। এর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইনসের দুবাই থেকে আসা ও যাওয়ার একটি করে, ইউএস-বাংলা এয়ারলাইনসের মধ্যপ্রাচ্য থেকে আসার একটি ও যাওয়ার দুটি এবং সালাম এয়ারের মাস্কাট থেকে আসা ও যাওয়ার একটি করে ফ্লাইট বাতিল করা হয়েছে। তবে আজ বিভিন্ন এয়ারলাইনসের মধ্যপ্রাচ্য থেকে আগত ছয়টি এবং যাওয়ার চারটি ফ্লাইট স্বাভাবিকভাবে পরিচালিত হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## একা পেয়ে দুই মিনিটেই ইবি শিক্ষিকাকে খুন করে ঘাতক

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সমাজকল্যাণ বিভাগের সভাপতি ও সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনা হত্যাকাণ্ডের ঘটনায় সিসিটিভি ফুটেজ বিশ্লেষণে ঘটনার আগের বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য উঠে এসেছে। ফুটেজে দেখা যায়, ঘটনার আগে একে একে বিভাগের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা বিভাগ ত্যাগ করায়, ওই সময় পুরো অফিস ব্লকে একা হয়ে পড়েন শিক্ষিকা রুনা। সেই সুযোগে মাত্র দুই মিনিটের মধ্যে তাকে নির্মমভাবে হত্যা করা হয়। গত ৪ মার্চ বিকেল ৪টার দিকে বিভাগের সাবেক কর্মচারী ফজলুর রহমানের ছুরিকাঘাতে নিজ কক্ষেই নিহত হন আসমা সাদিয়া রুনা। ঘটনার দিন বিভাগে ইফতার মাহফিলের আয়োজন থাকলেও, হত্যার সময় সেখানে অন্য কোনো শিক্ষক বা কর্মকর্তা উপস্থিত ছিলেন না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## তিস্তা একসময় মায়ের মতো ছিল, এখন বিধ্বংসী রূপ ধারণ করেছে

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু বলেছেন, একসময় তিস্তা নদী মানুষের জীবনের আশীর্বাদ ছিল, মায়ের মতো লালন করতো। কিন্তু বর্তমানে নদীটি বিধ্বংসী রূপ ধারণ করেছে। নদী শাসন ও তিস্তা মহাপরিকল্পনার মাধ্যমে এ নদীকে নিয়ন্ত্রণে এনে প্রায় ২ কোটি মানুষের জীবনমান উন্নয়নের উদ্যোগ নেওয়া হবে। শনিবার (১৪ মার্চ) বিকেলে কুড়িগ্রাম সদর উপজেলার হলোখানা ইউনিয়নের সুভারকুটি গ্রামে 'বিশ্বের সর্ববৃহৎ কড়াই' উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। মন্ত্রী বলেন, বিশ্বের সর্ববৃহৎ কড়াইটি স্বচক্ষে দেখতে এসেছি। বিদ্যানন্দ ফাউন্ডেশন দুর্যোগ ও সংকটের সময় মানুষের পাশে দাঁড়িয়ে যে মানবিক উদ্যোগ গ্রহণ করেছে, তা সত্যিই প্রশংসনীয়। এমন একটি মহৎ উদ্যোগের উদ্বোধন করতে পেরে আমি আনন্দিত। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, নদী শাসন ও মহাপরিকল্পনার মাধ্যমে তিস্তা নদীকে নিয়ন্ত্রণে আনার উদ্যোগ নেওয়া হচ্ছে। ইতোমধ্যে জাতীয় সংসদে এ বিষয়ে আলোচনা হয়েছে এবং প্রধানমন্ত্রীর সঙ্গেও বিষয়টি নিয়ে কথা বলা হয়েছে। অল্প সময়ের মধ্যেই তিস্তা মহাপরিকল্পনার কাজ শুরু হবে বলে আশা করছি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## 'শনিবারের অঙ্গীকার, বাসাবাড়ি করি পরিষ্কার' কর্মসূচি শুরু

ডেঙ্গু ও মশাবাহিত রোগ নিয়ন্ত্রণে 'শনিবারের অঙ্গীকার, বাসাবাড়ি করি পরিষ্কার' স্লোগানে বিশেষ পরিচ্ছন্নতা ও মশক নিধন কর্মসূচি শুরু করেছে চট্টগ্রাম সিটি করপোরেশন (চসিক)। শনিবার (১৪ মার্চ) সকালে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ (চমেক) হাসপাতাল এলাকা থেকে এ কর্মসূচির উদ্বোধন করেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে মেয়র বলেন, নগরবাসীর সুস্বাস্থ্য ও পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিত করতে চসিক নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করছে। চট্টগ্রাম মেডিক্যাল কলেজ এলাকা গুরুত্বপূর্ণ হওয়ায়, এখানে প্রতিদিন হাজার হাজার মানুষ চিকিৎসাসেবা নিতে আসেন। তাই মশার উপদ্রব নিয়ন্ত্রণে এই এলাকাকে বিশেষ গুরুত্ব দেওয়া হচ্ছে। তিনি বলেন, বর্তমানে নগরে কিউলেক্স মশার প্রকোপ বেড়েছে। নালা-নর্দমা ও ড্রেনে ময়লা জমে থাকা এবং যত্রতত্র বর্জ্য ফেলার কারণে পানির প্রবাহ বাধাগ্রস্ত হচ্ছে। ফলে স্থির পানিতে মশার বংশবিস্তার ঘটছে। এসব সমস্যা সমাধানে নালা-নর্দমা পরিষ্কার রাখা এবং বর্জ্য ব্যবস্থাপনায় নাগরিক সচেতনতা বাড়ানো জরুরি।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সেবার মান উন্নত হলে ডাক বিভাগের প্রতি মানুষের বিশ্বাস আরও দৃঢ় হবে

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী ফকির মাহবুব আনাম বলেছেন, ডাক বিভাগ একটি সেবামুখী প্রতিষ্ঠান। তাই জনগণের আস্থা অর্জনই এখানে সবচেয়ে গুরুত্বপূর্ণ। সেবার মান উন্নত করা গেলে ডাক বিভাগের প্রতি মানুষের বিশ্বাস আরও দৃঢ় হবে। শনিবার (১৪ মার্চ) রাজধানীর জিপিও পরিদর্শন শেষে

কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। ফকির মাহবুব আনাম বলেন, ঢাকা জিপিও দেশের ডাক বিভাগের একটি ঐতিহ্যবাহী ও ল্যান্ডমার্ক প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের পরিবেশ পরিচ্ছন্ন, সুশৃঙ্খল ও কার্যকর রাখা সংশ্লিষ্ট সবার দায়িত্ব। সম্মিলিত প্রচেষ্টায় ডাক বিভাগকে আরও আধুনিক ও সেবাবান্ধব প্রতিষ্ঠানে পরিণত করা সম্ভব বলেও মনে করেন তিনি। বিশেষ অতিথির বক্তব্যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব আব্দুন নাসের খান বলেন, ডাক বিভাগের এই ঐতিহ্যবাহী ক্যাম্পাসটি আমাদের একটি গুরুত্বপূর্ণ সম্পদ। আমরা চাই, এটি কার্যকরভাবে ব্যবহৃত হোক। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## জ্বালানি খাতে বিদেশি বিনিয়োগ আকৃষ্টের আশা বাংলাদেশের

জাপানের টোকিওতে শুরু হওয়া দুই দিনব্যাপী 'ইন্দো-প্যাসিফিক এনার্জি সিকিউরিটি মিনিস্টেরিয়াল অ্যান্ড বিজনেস ফোরাম'-এ অংশ নিতে বর্তমানে টোকিও সফর করছেন বাংলাদেশের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রী ইকবাল হাসান মাহমুদ। ফোরামে অংশগ্রহণের মূল উদ্দেশ্য বাংলাদেশের জ্বালানি খাতের উন্নয়নে বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করা। শনিবার (১৪ মার্চ) এই কনফারেন্স শুরু হয়েছে। এটি আগামীকালও (১৫ মার্চ) চলবে। উচ্চপর্যায়ের এই আন্তর্জাতিক ফোরামটি যৌথভাবে আয়োজন করেছে ইউএস ন্যাশনাল এনার্জি ডমিনেন্স কাউন্সিল এবং জাপানের অর্থনীতি, বাণিজ্য ও শিল্প মন্ত্রণালয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ফয়সালকে পালাতে 'সহায়তাকারী' ফিলিপ সাংমা পশ্চিমবঙ্গে গ্রেফতার

বাংলাদেশে শহিদ শরিফ ওসমান হাদি হত্যায় অভিযুক্ত ফয়সাল করিম মাসুদ এবং আলমগীর হোসেনকে অবৈধভাবে ভারতে প্রবেশে সহায়তার অভিযোগে একজনকে গ্রেফতার করেছে পশ্চিমবঙ্গ পুলিশের বিশেষ টাস্কফোর্স (এসটিএফ)। অভিযুক্তের নাম ফিলিপ সাংমা। তিনি বাংলাদেশের নাগরিক বলে জানানো হয়েছে। এসটিএফ জানিয়েছে, গোপন তথ্যের ভিত্তিতে শনিবার (১৪ মার্চ) ভোরে শান্তিপুর বাইপাসের কাছের একটি এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা করা হয়েছে। এরই মধ্যে অভিযুক্তকে হেফাজতে নিয়েছে এসটিএফ। তাকে জিজ্ঞাসাবাদ করে এই মামলায় আরও বিস্তারিত তথ্য জানার চেষ্টা করছেন তদন্তকারী কর্মকর্তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## যে-কোনো মূল্যে খালের জায়গা পুনরুদ্ধার করা হবে : ডিএসসিসি প্রশাসক

জলাবদ্ধতা নিরসন ও মশার প্রজননস্থল ধ্বংসে স্থানীয় নেতাদের সহায়তায় যে-কোনো মূল্যে খালের জায়গা পুনরুদ্ধার করা হবে বলে জানিয়েছেন, ডিএসসিসি প্রশাসক বীর মুক্তিযোদ্ধা মো. আবদুস সালাম। শনিবার (১৪ মার্চ) ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) ধলপুরে বিশেষ পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে অবৈধ দখলদারদের হুঁশিয়ারি দিয়ে তিনি এ কথা বলেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ডিএসসিসি প্রশাসক বলেন, প্রধানমন্ত্রীর আহ্বানে উজ্জীবিত হয়ে আমরা প্রতিটি ওয়ার্ডে সাপ্তাহিক এই বিশেষ অভিযান পরিচালনা করছি। ডিএসসিসির মাসব্যাপী ক্রাশ প্রোগ্রাম চলমান। জনস্বার্থ রক্ষায় পরিচ্ছন্নতা ও সড়কবাতির উন্নয়নের ক্ষেত্রে আমরা কোনো ধরনের ছাড় দেবো না। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সভাপতি পদে বাংলাদেশের সমর্থন আদায়ে নিউইয়র্কের পথে পররাষ্ট্রমন্ত্রী

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতি পদে বাংলাদেশের প্রার্থিতার পক্ষে সমর্থন আদায় জোরদার করতে ঢাকা ত্যাগ করেছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। তিনি শনিবার (১৪ মার্চ) নিউইয়র্কের পথে যাত্রা করেন। পথে তিনি তুরস্ক সফর করবেন। সফরকালে আঙ্কারায় তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করার কথা রয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে সভাপতিত্বের জন্য বাংলাদেশের কূটনৈতিক প্রচেষ্টার অংশ হিসেবে নিউইয়র্ক ও আঙ্কারায় পররাষ্ট্রমন্ত্রীর একাধিক বৈঠক ও কর্মসূচিতে অংশ নেওয়ার কথা রয়েছে। এসব বৈঠকে তিনি বাংলাদেশের প্রার্থিতার পক্ষে সমর্থন আদায়ে বিভিন্ন দেশের কূটনীতিক ও সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে আলোচনা করবেন। সফরকালে খলিলুর রহমান বাংলাদেশের প্রার্থিতার প্রতি সমর্থন জোরদার করতে কূটনীতিক ও বিভিন্ন অংশীজনদের সঙ্গে সাক্ষাৎ করবেন বলে আশা করা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## আব্বাসের সিটিস্ক্যানে বড়ো জটিলতা ধরা পড়েনি, বিদেশে নিতে চেষ্টা চলছে

রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসের সিটিস্ক্যান রিপোর্টে বড়ো কোনো জটিলতা ধরা পড়েনি। তারপরও বিশেষায়িত চিকিৎসার জন্য তাকে বিদেশে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। শনিবার (১৪ মার্চ) বিকেলে সংশ্লিষ্ট চিকিৎসকরা জানান, সর্বশেষ সিটিস্ক্যান রিপোর্টে বড়ো ধরনের কোনো জটিলতা ধরা পড়েনি। তবুও, রোগীর শারীরিক অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণের জন্য উন্নত প্রযুক্তি ও বিশেষায়িত চিকিৎসা ব্যবস্থার প্রয়োজন রয়েছে। চিকিৎসকরা বলছেন, এই মুহূর্তে মীর্জা আব্বাসের জন্য যে ধরনের বিশেষায়িত সাপোর্ট সিস্টেম দরকার, তা দেশের হাসপাতালগুলোতে সীমিত। তাই তাকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নেওয়ার বিষয়ে পরিবার ও সংশ্লিষ্টরা চেষ্টা চালাচ্ছেন। হাসপাতাল সূত্র জানায়, চিকিৎসকদের একটি দল নিয়মিতভাবে তার শারীরিক

অবস্থা পর্যবেক্ষণ করছেন। প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করা গেলে দ্রুত তাকে বিদেশে নেওয়ার প্রক্রিয়া শুরু হতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## **সিংগাইর হাসপাতালে** আকস্মিক **পরিদর্শন, ক্ষুব্ধ স্বাস্থ্যমন্ত্রী**

মানিকগঞ্জের সিংগাইর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ৫০ শয্যাবিশিষ্ট হাসপাতাল আকস্মিক পরিদর্শন করেছেন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা এবং আরও দুইজন চিকিৎসক যথাসময়ে কর্মস্থলে উপস্থিত না থাকায় তিনি ক্ষুব্ধ হন। শনিবার (১৪ মার্চ) সকালে সিংগাইর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শনের সময় তিনি হাসপাতালের বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন এবং চিকিৎসাসেবা সম্পর্কে খোঁজ-খবর নেন। এ সময় তিনি ডেঙ্গুসহ মশাবাহিত রোগ প্রতিরোধে মশক নিধন ও পরিচ্ছন্নতা কর্মসূচির উদ্বোধন করেন। পরিদর্শনকালে স্বাস্থ্যমন্ত্রী হাসপাতালে ভর্তি রোগীদের সঙ্গে কথা বলেন এবং তাদের সমস্যার কথা শোনেন। রোগীদের নিয়মিত ও মানসম্মত খাবার দেওয়া হচ্ছে কি না, সে বিষয়েও খোঁজ নেন। পাশাপাশি, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের উপস্থিতির বিষয়টি যাচাই করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## আপিল বিভাগে অবকাশকালীন চেম্বার কোর্ট গঠন

অবকাশকালীন সময়ে জরুরি মামলার বিষয়াদি নিষ্পত্তির জন্য চেম্বার কোর্ট গঠন করা হয়েছে। আগামী ১৫ মার্চ থেকে ১৬ এপ্রিল পর্যন্ত বাংলাদেশ সুপ্রিম কোর্টের অবকাশকাল চলবে। এ সময় আপিল বিভাগের মামলাসংক্রান্ত জরুরি বিষয়াদি নিষ্পত্তির জন্য দুটি চেম্বার কোর্ট গঠন করেছেন প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী। এ সময় চেম্বার জজ আদালতের বিচারপতি হিসেবে বিচারপতি এসএম এমদাদুল হক ও বিচারপতি মো. রেজাউল হককে মনোনীত করা হয়েছে। এ বিষয়ে বৃহস্পতিবার (১২ মার্চ) সুপ্রিম কোর্টের আপিল বিভাগ থেকে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, বিচারপতি এস এম এমদাদুল হক আগামী ১৫, ১৬, ৩০ ও ৩১ মার্চ বেলা ১১টা থেকে আপিল বিভাগের চেম্বার কোর্টে মামলাসংক্রান্ত জরুরি বিষয়াদি নিষ্পত্তির জন্য শুনানি নেবেন। বিচারপতি মো. রেজাউল হক ৭, ৮, ১৫ ও ১৬ এপ্রিল বেলা ১১টা থেকে আপিল বিভাগের চেম্বার কোর্টে মামলাসংক্রান্ত জরুরি বিষয়াদি নিষ্পত্তির জন্য শুনানি নেবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## জ্বালানি সংকট নিরসনে দ্রুত ব্যবসায়ীদের আমদানির অনুমতি দেওয়ার আহ্বান

সংশ্লিষ্ট ব্যবসায়ীদের দ্রুত জ্বালানি তেল আমদানির অনুমতি দিয়ে সংকট নিরসনে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে বাংলাদেশ পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশন। শনিবার (১৪ মার্চ) এক বিবৃতিতে সংগঠনের আহ্বায়ক সৈয়দ সাজ্জাদুল করিম এ আহ্বান জানান। তিনি বলেন, জ্বালানি সরবরাহে বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি) এবং মন্ত্রণালয়ের বাস্তবতা বিবর্জিত রেশনিং প্রক্রিয়া নতুন সরকারকে জনগণের কাছে তীব্র সমালোচনার মুখে ফেলে দিয়েছে। বিপিসি চেয়ারম্যান এবং তার সঙ্গে কিছু কর্মকর্তা জ্বালানি সচিবকে ভুল তথ্য দিয়ে, অংশীজনদের সঙ্গে কোনো প্রকার আলাপ-আলোচনা না করে বিগত ১০-১২ দিনে সারাদেশে জ্বালানি তেলের বিশাল ঘাটতি সৃষ্টি করে দিয়েছেন। এমনকি সরকারি ছুটির দিনে জ্বালানি তেল কোম্পানির কর্মীদের ওভারটাইম করিয়ে সারাদেশের ডিপোগুলো খোলা রেখে রেশনিং করে তেল দিয়েছেন এবং স্বাভাবিক দিনের থেকে অর্ধেকের কম জ্বালানি বরাদ্দ করে সরবরাহ করেছেন, যা প্রতারণামূলক কাজ। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ইরান যুদ্ধে ১৫০০ কোটি ডলারের আয় হারিয়েছে প্রতিবেশীরা, বেশি ক্ষতি সৌদির

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের সঙ্গে ইরানের চলমান যুদ্ধের প্রভাবে ভয়াবহ অর্থনৈতিক বিপর্যয়ের মুখে পড়েছে মধ্যপ্রাচ্যের তেল উৎপাদনকারী দেশগুলো। গত ২৮ ফেব্রুয়ারি যুদ্ধ শুরু হওয়ার পর থেকে মাত্র ১৫ দিনে জ্বালানি রপ্তানি খাতে উপসাগরীয় দেশগুলোর সম্মিলিত ক্ষতির পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ১৫ দশমিক ১ বিলিয়ন (১ হাজার ৫১০ কোটি) মার্কিন ডলার। হরমুজ প্রণালি কার্যত বন্ধ হয়ে যাওয়ায় এই বিশাল আর্থিক ক্ষতির সৃষ্টি হয়েছে বলে জানিয়েছে জ্বালানি বিশ্লেষক সংস্থা কেপলার এবং উড ম্যাকেঞ্জি।

### বন্ধ হরমুজ প্রণালি; দৈনিক ক্ষতি ১২০ কোটি ডলার

বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ সমুদ্রপথ হরমুজ প্রণালি দিয়ে স্বাভাবিক সময়ে প্রতিদিন গড়ে ১২০ কোটি ডলার সমমূল্যের অপরিশোধিত তেল, গ্যাস ও পরিশোধিত জ্বালানি পরিবহণ করা হতো। কিন্তু ইরানি হামলা এবং বিমা খরচ আকাশচুম্বী হওয়ায় বর্তমানে এই পথে জাহাজ চলাচল 'নগণ্য' পর্যায়ে নেমে এসেছে। ফলে লাখ লাখ ব্যারেল জ্বালানি এখন পারস্য উপসাগরে আটকা পড়ে রয়েছে। বিশ্লেষকদের মতে, এতে উপসাগরীয় দেশগুলোর জন্য যুদ্ধের বড়ো অর্থনৈতিক মূল্য স্পষ্ট হয়ে উঠেছে, কারণ এসব দেশের সরকার প্রধানত জ্বালানি রপ্তানির আয়ের ওপর নির্ভরশীল।

### বেশি ক্ষতি সৌদি আরবের

পরামর্শক প্রতিষ্ঠান উড ম্যাকেঞ্জির হিসাব অনুযায়ী, বিশ্বের অন্যতম বড়ো তেল রপ্তানিকারক সৌদি আরব সবচেয়ে বেশি ক্ষতির মুখে পড়েছে। যুদ্ধ শুরুর পর থেকে দেশটি প্রায় ৪৫০ কোটি ডলারের রপ্তানি আয় হারিয়েছে বলে ধারণা করা হচ্ছে। এ অবস্থায় সৌদি কর্তৃপক্ষ লোহিত সাগর দিয়ে তেল রপ্তানি উল্লেখযোগ্যভাবে বাড়ানোর পরিকল্পনা করছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সুন্দরবন রক্ষায় বন সংলগ্ন নদ-নদীর জীবন্ত সত্তা ফিরিয়ে আনতে হবে

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী লায়ন ড. শেখ ফরিদুল ইসলাম বলেছেন, নদী একটি জীবন্ত সত্তা। সুন্দরবন রক্ষায় পশুর নদীসহ বনসংলগ্ন নদ-নদীর জীবন্ত সত্তা ফিরিয়ে আনতে হবে। পশুর নদীর প্লাবন ভূমিতে সরকারি রেকর্ডিং শতাধিক খালে অবৈধ বাঁধ রয়েছে। সরকারের খাল খনন অগ্রাধিকার প্রকল্পের মাধ্যমে এসব নদী খালের অবাধ প্রবাহ নিশ্চিত করতে হবে। শনিবার (১৪ মার্চ) দুপুরে মোংলার কানাইনগরে পশুর নদীর পাড়ে আন্তর্জাতিক নদীকৃত্য দিবস উপলক্ষ্যে নদী সংলাপে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, সুন্দরবনের প্রাণ পশুর নদীর কয়লা দূষণ, প্লাস্টিক-পলিথিন দূষণ ও শিল্প দূষণ রোধ করে সুন্দরবনের জীববৈচিত্র্য রক্ষা করতে হবে। তিনি আরও বলেন, জলদস্যু দমনে মধ্যে সরকার আইন-শৃঙ্খলা বাহিনীর সহায়তায় অভিযান পরিচালনা করছে। সুন্দরবনে অগ্নিকাণ্ডে রোধেও বন বিভাগ আগাম সতর্কতা অবলম্বন করছে। জেলে কার্ড এবং ফ্যামিলি কার্ড প্রদানের মাধ্যমে জেলে জীবন উন্নত করা হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## দোলনা থেকে কবর পর্যন্ত পুলিশ ছাড়া চলবে না : আইজিপি

বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির বলেছেন, দোলনা থেকে কবর পর্যন্ত পুলিশ ছাড়া চলবে না। কারণ হাসপাতালে শিশুর জন্ম নেওয়ার পর শিশুকে পাহারা দিতে হয়, যেন শিশু চুরি না হয়। আবার কবর দিতে গেলেও কঙ্কাল চুরি ঠেকাতে পুলিশ দরকার। পুলিশ ছাড়া এ সমাজ চলবে না। আপনারা পুলিশকে সহযোগিতা করেন। সেই ফ্যাসিস্ট যুগের পুলিশ যাতে দেশে না থাকে, সে জন্য কাজ করছি। প্রধানমন্ত্রীর নির্দেশনা দিয়েছেন, যেন পুলিশ হবে সৎ ও মানবিক এবং জনগণের বন্ধু। শনিবার (১৪ মার্চ) বিকালে জেলা পুলিশ লাইনে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের উদ্যোগে আয়োজিত সুধী সমাবেশে তিনি এসব কথা বলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## পুরোনো স্টাইলে হেলিকপ্টারে এসএসসির পরীক্ষাকেন্দ্র ঘুরবেন শিক্ষামন্ত্রী

আসন্ন এসএসসি ও সমমান পরীক্ষায় নকল ও অনিয়ম ঠেকাতে জিরো টলারেন্স নীতি ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। শিক্ষামন্ত্রী পুরোনো স্টাইলে হেলিকপ্টারে চড়ে জেলায় জেলায় পরীক্ষার কেন্দ্রে যাবেন। বিশেষ করে, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানের কেন্দ্রগুলোতে কঠোর অভিযান চালানো হবে। শনিবার (১৪ মার্চ) রাতে রাজধানীর মিন্টো রোডে শিক্ষামন্ত্রীর সরকারি বাসভবনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এসব কথা বলেন তিনি। এ মতবিনিময়ের আয়োজন করে শিক্ষা বিটের সাংবাদিকদের সংগঠন এডুকেশন রিপোর্টার্স অ্যাসোসিয়েশন, বাংলাদেশ (ইরাব)। শিক্ষামন্ত্রী বলেন, আমাকে নকল ঠেকাতেই হবে, এর বিকল্প নেই। আমাকে আগের স্টাইলে হেলিকপ্টারে যেতে হবে। কেন্দ্রে কেন্দ্রে সিসিটিভি ক্যামেরা বসাবো। কর্মকর্তা-মিডিয়া নিয়ে ঝাঁক বেধেই জেলায় জেলায় ছুটতে হবে। এহছানুল হক মিলন বলেন, আমি প্রতিমন্ত্রী থাকাকালে নকল বন্ধ করেছিলাম। চাই না সেই নকল ফিরে আসুক। এসএসসি পরীক্ষা সুষ্ঠু-সুন্দর ও নকলমুক্তভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রস্তুতি নেওয়া হচ্ছে। পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানে জিরো টলারেন্স নীতি নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## মীর্জা আব্বাসকে রোববার সিঙ্গাপুর নেওয়া হচ্ছে

প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির স্থায়ী কমিটির সদস্য মীর্জা আব্বাসকে উন্নত চিকিৎসার জন্য সিঙ্গাপুর নিয়ে যাওয়া হবে। শনিবার (১৪ মার্চ) মির্জা আব্বাসের ব্যক্তিগত সচিব মিজানুর রহমান সোহেল জানান, রোববার (১৫ মার্চ) বেলা ১১টায় এয়ার অ্যাম্বুলেন্স যোগে তাকে সিঙ্গাপুর নেওয়া হবে। মীর্জা আব্বাসের সহধর্মিণী ও জাতীয়তাবাদী মহিলা দলের সভানেত্রী আফরোজা আব্বাস এবং জ্যেষ্ঠ সন্তান মীর্জা ইয়াসির আব্বাস তার সঙ্গে যাবেন। শুক্রবার (১৩ মার্চ) রাজধানীর এভারকেয়ার হাসপাতালে মস্তিষ্কে অস্ত্রোপচারের পর মীর্জা আব্বাসকে নিবিড় পর্যবেক্ষণে রাখা হয়েছে। আজ শনিবার সকালে মীর্জা আব্বাসের মস্তিষ্কের সিটি স্ক্যান করা হয়, যার প্রতিবেদন ভালো এসেছে বলে জানিয়েছেন বিএনপির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক রফিকুল ইসলাম। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ক্ষতি জেনেও তামাক চাষে ঝুঁকছেন চাষীরা

উত্তরের সীমান্তঘেঁষা জেলা লালমনিরহাটে অর্থকরী ফসলের আড়ালে জেঁকে বসেছে বিষবৃক্ষ তামাক। চলতি মৌসুমে জেলার পাঁচটি উপজেলার সমতল ভূমি ও তিস্তার চরাঞ্চলে তামাক চাষে ভয়াবহ উল্লম্ফন দেখা দিয়েছে। অধিক লাভের আশায় ও টোব্যাকো কোম্পানিগুলোর প্রলোভনে কৃষকরা খাদ্যশস্য বাদ দিয়ে তামাকের দিকে ঝুঁকছেন। এতে শিশুদের চরম স্বাস্থ্যঝুঁকি বাড়ছে, সঙ্গে নষ্ট হচ্ছে আবাদি জমির উর্বরতা। সেইসঙ্গে ঝুঁকি বাড়ছে দীর্ঘমেয়াদি পরিবেশ বিপর্যয়ের। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্য মতে, গত বছরের তুলনায় এ বছর লালমনিরহাটে তামাক চাষের এলাকা প্রায় দ্বিগুণ বেড়েছে। গত মৌসুমে যেখানে ৯ হাজার ৩০০ হেক্টর জমিতে তামাক চাষ হয়েছিল, চলতি ২০২৫-২৬ মৌসুমে তা বেড়ে দাঁড়িয়েছে ১৫ হাজার ৫৭৫ হেক্টর। বর্তমানে তা আরও বৃদ্ধি পেয়ে ১৮ হাজার ৮২৫ হেক্টর জমিতে গিয়ে ঠেকেছে। বিশেষ করে, জেলার আদিতমারী, কালীগঞ্জ ও হাতীবান্ধা উপজেলার চরাঞ্চলগুলোর মাইলের পর মাইল এলাকা এখন তামাকের একচেটিয়া দখলে। স্থানীয়দের মতে, তামাক কোম্পানিগুলোর দেওয়া অগ্রিম ঋণ, সার, বীজ ও

নিশ্চিত বাজারজাতকরণের প্রলোভনে পড়ে কৃষকরা ধান, ভুট্টা বা ডালের মতো প্রয়োজনীয় খাদ্যশস্যের মায়া ত্যাগ করছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## মালদ্বীপে নিহতদের মধ্যে দুইজনের মরদেহ দেশে আসবে রোববার

মালদ্বীপে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে নিহতদের মধ্যে মো. সদর আলী ও সফিকুল ইসলামের মরদেহ রোববার বাংলাদেশে পৌঁছানোর কথা রয়েছে। বিস্ফোরণে পাঁচজন নিহতের পাশাপাশি আরও দুই বাংলাদেশি গুরুতর আহত রয়েছেন। মালের একটি হাসপাতালে তারা চিকিৎসাধীন। শনিবার (১৪ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। গত ১২ মার্চ রাতে রাজধানী মালে থেকে প্রায় ১০০ কিলোমিটার দূরে দিগুরা আইল্যান্ডের একটি গেস্ট হাউসে রান্নার গ্যাস সিলিন্ডার বিস্ফোরিত হয়ে এ হতাহতের ঘটনা ঘটে। বিস্ফোরণের পর গেস্ট হাউসের ভেতর থেকে সাতজনকে দগ্ধ অবস্থায় উদ্ধার করা হয়। পরে চিকিৎসাধীন অবস্থায় পাঁচজনের মৃত্যু হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সম্ভাব্য যানজটপ্রবণ এলাকায় বাড়ানো হয়েছে তদারকি : সড়কমন্ত্রী

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে মানুষের নিরাপদ, নির্বিঘ্ন ও স্বস্তিদায়ক যাত্রা নিশ্চিত করতে সম্ভাব্য যানজটপ্রবণ এলাকাগুলো আগেই চিহ্নিত করে সেখানে অতিরিক্ত তদারকি ব্যবস্থা নেওয়া হয়েছে। শনিবার (১৪ মার্চ) রাজধানীতে বাস টার্মিনাল পরিদর্শনকালে সাংবাদিকদের এ তথ্য জানান সড়ক পরিবহণ ও সেতু, নৌপরিবহণ এবং রেলপথ মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম। মন্ত্রী আজ ফুলবাড়িয়া বিআরটিসি বাস কাউন্টার, গুলিস্তান বাসস্ট্যান্ড ও সায়েদাবাদ বাস টার্মিনাল পরিদর্শন করেন। এসময় তিনি যাত্রীদের সঙ্গে কথা বলেন এবং যাত্রাপথে তাদের কোনো ধরনের সমস্যা বা হয়রানির সম্মুখীন হতে হচ্ছে কি না, সে বিষয়ে খোঁজ-খবর নেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ১৬ মার্চ থেকে তেল উত্তোলন বন্ধের হুঁশিয়ারি পাম্প মালিকদের

নিরবচ্ছিন্নভাবে তেল সরবরাহ নিশ্চিত না করা হলে আগামী ১৬ মার্চ থেকে রাজশাহী জেলার সব ফিলিং স্টেশন ডিপো থেকে তেল উত্তোলন বন্ধ রাখার হুঁশিয়ারি দিয়েছেন পাম্প মালিকরা। শনিবার (১৪ মার্চ) সকালে রাজশাহী মহানগরে জ্বালানি তেলের সংকট ও সরবরাহ পরিস্থিতি নিয়ে পাম্প মালিকদের এক আলোচনা সভায় এ হুঁশিয়ারি দেন তারা। রাজশাহী নগরীর পদ্মা গার্ডেনের কফিবার রেস্তোরাঁয় এ সভা আয়োজন করে বাংলাদেশ পেট্রোলিয়াম ডিলার্স ডিস্ট্রিবিউটরস অ্যান্ড পেট্রোল পাম্প ওনার্স অ্যাসোসিয়েশন-এর রাজশাহী জেলা শাখা। সভায়, নেতারা কয়েকটি দাবি উত্থাপন করেন। তারা জানান, নিরবচ্ছিন্নভাবে তেল সরবরাহ নিশ্চিত না করা হলে আগামী ১৬ মার্চ থেকে রাজশাহী জেলার সব ফিলিং স্টেশন ডিপো থেকে তেল উত্তোলন বন্ধ রাখা হবে এবং নিরাপত্তার স্বার্থে পাম্পও বন্ধ রাখা হতে পারে। এছাড়া সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত নিরাপত্তা ও মজুদের ভিত্তিতে পেট্রোল ও অকটেন বিক্রি করা হবে এবং ডিজেল মজুত থাকলে তা দিনরাত বিক্রি করা হবে বলে জানান তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ডেঙ্গু-চিকুনগুনিয়া রোধে বিমানবাহিনীর সচেতনতামূলক কর্মসূচি

ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সরকারের জাতীয় বিশেষ অভিযানের অংশ হিসেবে দেশব্যাপী জনসচেতনতামূলক কর্মসূচি শুরু করেছে বাংলাদেশ বিমানবাহিনী। শনিবার (১৪ মার্চ) বিমানবাহিনী প্রধানের সার্বিক দিক-নির্দেশনায় বিমানবাহিনীর বিভিন্ন ঘাঁটি, স্টেশন ও ইউনিটে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, দেশের বিভিন্ন ঘাঁটি ও ইউনিটে ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে সচেতনতামূলক ব্রিফিং, র‌্যালি, পরিচ্ছন্নতা অভিযান এবং ফগিং কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## সংসদ রাজনৈতিক দলগুলোর কেন্দ্রবিন্দু হলে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত হবে

জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল বলেছেন, ১২ ফেব্রুয়ারি ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাধ্যমে বাংলাদেশে গণতান্ত্রিক শাসনব্যবস্থা কায়েম হয়েছে। যে গণতান্ত্রিক শাসনব্যবস্থা বারবার হোঁচট খেয়েছে, ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানে নতুন করে দ্বিতীয় স্বাধীনতা পেয়েছি। এই গণতান্ত্রিক শাসনব্যবস্থা যথাযথভাবে কার্যকর করতে না পারলে, বাংলাদেশের যে গণতন্ত্র বারবার চলমান থাকছে, ভবিষ্যতে সেই গণতন্ত্র চলমান হওয়ার সম্ভাবনা থাকবে না। তিনি বলেন, আমরা বিশ্বাস করি, যদি মহান জাতীয় সংসদকে সব রাজনৈতিক দলের রাজনৈতিক চর্চার কেন্দ্রবিন্দু হিসেবে গড়ে তুলতে পারি, তাহলে বাংলাদেশে গণতন্ত্র সুপ্রতিষ্ঠিত হবে। শনিবার (১৪ মার্চ) সন্ধ্যায় রাজধানীর একটি হোটেলে নেত্রকোণা সাংবাদিক ফোরাম-ঢাকার উদ্যোগে আয়োজিত ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## ঢাকায় বিপুল পরিমাণ ইয়াবাসহ দুই রোহিঙ্গা নাগরিক গ্রেফতার

রাজধানীর যাত্রাবাড়ী এলাকা থেকে বিপুল পরিমাণ ইয়াবাসহ দুই রোহিঙ্গা নাগরিককে গ্রেফতার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (ডিএনসি)। শুক্রবার (১৩ মার্চ) ভোরে গোপন সংবাদের ভিত্তিতে পৃথক দুটি অভিযানে তাদের

গ্রেফতার করা হয়। গ্রেফতার দুইজন হলেন- মো. জুবায়ের (২৯) ও মো. হেদায়েতুল্লাহ (২২)। তারা কক্সবাজারের টেকনাফ থানার লেদা ক্যাম্প এলাকার বাসিন্দা। অভিযানকালে তাদের কাছ থেকে মোট ৮ হাজার ২০০ পিস ইয়াবা ও দুটি মোবাইল ফোন জব্দ করা হয়। শনিবার (১৪ মার্চ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রো (উত্তর) কার্যালয়ের রমনা সার্কেলের পরিদর্শক মো. জাকির হোসেন এ তথ্য জানান। অভিযান চলাকালে প্রথমে মো. জুবায়েরকে ৪ হাজার ৪০০ পিস ইয়াবাসহ গ্রেফতার করা হয়। পরে তার দেওয়া তথ্যের ভিত্তিতে পৃথক আরেকটি অভিযান চালিয়ে মো. হেদায়েতুল্লাহকে ৩ হাজার ৮০০ পিস ইয়াবাসহ গ্রেফতার করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

### যাত্রাবাড়ী থানা পুলিশের বিশেষ অভিযানে গ্রেফতার ২১

রাজধানীর যাত্রাবাড়ী থানা এলাকায় দিনব্যাপী বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত মোট ২১ জনকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (১৪ মার্চ) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মুহাম্মদ তালেবুর রহমান এ তথ্য জানান। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে ডিসি তালেবুর রহমান বলেন, গতকাল শুক্রবার (১৩ মার্চ) যাত্রাবাড়ী থানা পুলিশ অত্র থানাধীন বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিভিন্ন অপরাধে জড়িত মোট ২১ জনকে গ্রেফতার করে। গ্রেফতার ব্যক্তিদের আদালতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

### জুলাই সনদ বাস্তবায়নে গড়িমসি জাতি মেনে নেবে না : মু. শাহজাহান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মুহাম্মদ শাহজাহান বলেছেন, জাতির প্রত্যাশা অনুযায়ী জুলাই জাতীয় সনদ দ্রুত বাস্তবায়ন করা এখন সময়ের দাবি। এ বিষয়ে কোনো ধরনের গড়িমসি বা বিলম্ব দেশের সচেতন জনগণ মেনে নেবে না। শনিবার (১৪ মার্চ) চট্টগ্রাম মহানগর জামায়াত কার্যালয়ে দলের চট্টগ্রাম অঞ্চলের দায়িত্বশীল সমাবেশে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। মুহাম্মদ শাহজাহান বলেন, দেশে গণতন্ত্র, ন্যায়বিচার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে যে জাতীয় ঐকমত্য সৃষ্টি হয়েছে, তার বাস্তব প্রতিফলন ঘটাতে হলে জুলাই সনদের কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। জামায়াতের এ নেতা বলেন, দেশে চলমান পরিস্থিতিতে জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণে একটি দায়িত্বশীল রাজনৈতিক পরিবেশ নিশ্চিত করা জরুরি। জাতীয় স্বার্থকে সর্বাগ্রে রেখে সব রাজনৈতিক শক্তিকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। জনগণের অধিকার, আইনের শাসন ও সুশাসন প্রতিষ্ঠা ছাড়া দেশের স্থিতিশীলতা ও উন্নয়ন সম্ভব নয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১৪.০৩.২০২৬ রিহাব)

## BBC

### IRAN LAUNCHES TWO STRIKES ON ISRAEL IN RAPID SUCCESSION

The Israel Defense Forces (IDF) has issued two updates in the last half hour saying a volley of missiles launched from Iran towards Israel have been detected. Iran's state broadcaster IRIB has also said on Telegram a new wave of missiles has been launched from Iran towards Israel. The Iranian Tasnim News Agency, which is linked to the Islamic Revolution Guards Corps, also reports that a huge explosion was heard in Tel Aviv as Iran's retaliatory strikes hit the Israeli city. (BBC News Web Page: 14/03/26, FARUK)

### TWO INDIAN TANKERS SAFELY CROSS STRAIT OF HORMUZ

India says two of its tankers "safely" crossed the Strait of Hormuz this morning and are heading to India. The news was confirmed in a press briefing by Rajesh Kumar Sinha, special secretary of the Ministry of Ports, Shipping and Waterways. The two Indian-flagged tankers are carrying liquefied petroleum gas (LPG). It comes after Iran's ambassador to India, Mohammed Fathali, described the two countries as "friends" with "common interests" and a "common fate" on Friday, according to Reuters, citing comments made to the media. Iran has previously threatened to open fire on any vessels crossing the waterway - a key artery for global energy markets. Traffic has dropped dramatically as a result, causing oil prices to rise dramatically. (BBC News Web Page: 14/03/26, FARUK)

### STRIKES IN LEBANON AND ISRAEL

Hezbollah launched missiles towards Israel following the killing of the Iranian Supreme Leader Ayatollah Ali Khamenei. This week Israel said it carried out around 70 strikes in Beirut against what it called"terrorist infrastructure" in the city. The Lebanese health ministry said on Friday that 773 people have been killed since Israel began its offensive on 2 March. (BBC News Web Page: 14/03/26, FARUK)

### MACRON OFFERS TO HOST CEASEFIRE TALKS BETWEEN ISRAEL AND LEBANON IN PARIS

French President Emmanuel Macron has urged Israel to hold direct talks with Lebanon and has offered to host ceasefire talks in Paris. In a post on X, he says he has spoken with Lebanese President Joseph Aoun, Prime Minister Nawaf Salam and Speaker of Parliament

Nabin Berri, adding that "everything must be done to prevent Lebanon from descending into chaos". He calls in the Iranian-backed militant group Hezbollah to not escalate and for Israel to refrain from its "intensive bombing campaign" and "large-scale offensive" which has caused hundreds of thousands of people to flee the bombardments. "The Lebanese executive branch has expressed its readiness to enter into direct talks with Israel," he says, insisting that Israel should try to reach a ceasefire. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**NINE BALLISTIC MISSILES AND 33 DRONES INTERCEPTED BY UAE**

The UAE's Ministry of Defence says it has intercepted nine ballistic missiles and 33 drones so far on Saturday. It brings the total to 294 ballistic missiles, 1,600 drones and 15 cruise missiles since the start of the conflict. There have been six deaths and 141 "minor to moderate" injuries over this period. The Iranian military has also told UAE residents to evacuate areas close to US targets. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**UN BASE IN LEBANON HIT BY 'MACHINE GUN FIRE'**

A spokesperson for the United Nations Interim Force in Lebanon (Unifil) tells the BBC one of their positions has been hit, "likely by heavy machine gun fire". They say a fire started following the attack on their base near Meiss el-Jabal, which is situated around 70 miles away from the Lebanese capital, Beirut. "One peacekeeper on his way to the shelter was lightly injured. We have launched an investigation. We remind all actors of their obligations to ensure the safety and security of peacekeepers at all times," the spokesperson adds. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**US HIT MORE THAN 90 IRANIAN MILITARY TARGETS ON KEY OIL ISLAND**

US Central Command (Centcom) has just shared further details on last night's strike on the Iranian oil island of Kharg. US forces hit "more than 90 Iranian military targets" on the island, while "preserving the oil infrastructure", it says. The strike destroyed naval mine storage facilities, missile storage bunkers, and multiple other military sites, it adds. This aligns with earlier comments from Iran, which said oil facilities"remain intact" with exports "fully under way". (BBC News Web Page: 14/03/26, FARUK)

**IRAN CONFLICT ENTERING 'DECISIVE PHASE': ISRAELI DEFENCE MINISTER**

Israeli Defence Minister Israel Katz says the conflict with Iran is entering a "decisive phase". He made the comments at a situational assessment this morning. Katz also congratulated Donald Trump on delivering a "severe blow" to Iran's key oil island of Kharg last night, calling it an "appropriate response to the minefields of the Strait of Hormuz". In his comments this morning, Katz added that the Israeli Air Force was "continuing a powerful wave of attacks on Tehran and throughout Iran", but said only the Iranian people can put an end to the conflict by overthrowing the regime. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**MORE THAN 200 STUDENTS AND TEACHERS KILLED IN IRAN SINCE START OF WAR**

Fatemeh Mohajerani, spokesperson for the Iranian government, says more than 200 students and teachers have been killed since the start of the war. She adds that 120 schools have been "severely damaged". Tehran's landmark Azadi Tower has sustained damage, she says on state TV. Iran's minister of education said on 11 March that 206 students and teachers had been killed and 161 injured in the attacks so far, according to a report by official IRNA news agency. Iran's Red Crescent Society says that, so far, 42,914 civilian properties have been damaged. Of these, 6,179 are commercial properties and 36,489 are residential, including 10,000 in Tehran. "Since the start of the war, 160 medical, health, and emergency centres across the country have been seriously damaged by enemy attacks," it adds. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**HAMAS URGES KEY ALLY IRAN TO HALT ATTACKS ON GULF STATES**

The Palestinian armed group Hamas has called on Iran to stop its attacks on Gulf states, in a rare appeal to its key ally. In a statement, the Tehran-backed group urged its "brothers in Iran to avoid targeting neighbouring countries", saying all regional nations should co-operate "to preserve the bonds of brotherhood". At the same time, Hamas, which governs Gaza, affirmed Tehran's right to defend itself against attacks by the US and Israel, who are continuing to strike Iran. The Iranian authorities have said their own retaliatory strikes target "American installations" on Gulf soil rather than the neighbours themselves - but many attacks have hit civilian infrastructure. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**MORE US MARINES AND WARSHIPS TO BE MOVED TO MIDDLE EAST: REPORTS**

More US Marines and warships are expected to be deployed to the Middle East, two officials confirmed to CBS News, the BBC's US partner. The officials said the reinforcements were to come from an amphibious ready group and its Marine expeditionary unit, with one official adding that the group would be led by the Japan-based USS Tripoli, an amphibious assault ship. The unit headed by the USS Tripoli typically consists of around 5,000 sailors and Marines distributed across several warships. The development comes as President Donald Trump said US forces had "totally obliterated" Iranian military infrastructure on Kharg Island in the Strait of Hormuz, a critical waterway for global oil shipping. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**EXPLOSION AT AMSTERDAM JEWISH SCHOOL 'A DELIBERATE ATTACK': MAYOR**

An explosion at a Jewish school in Amsterdam was a "deliberate attack against the Jewish community", the mayor of the Dutch capital has said. Femke Halsema said the overnight blast caused limited damage to the outer wall of the school in the Buitenveldert district. No injuries were reported. "This is cowardly act of aggression towards the Jewish community," the mayor said, adding that Amsterdam "must be a place where Jews can live safely". Prime Minister Rob Jetten said "there must be no place for antisemitism" in the Netherlands. Security had already been stepped up at Jewish institutions, after a suspected arson attack on a synagogue in Rotterdam on Friday. (BBC News Web Page: 14/03/26, FARUK)

**GAZANS URGED TO SHELTER AS SANDSTORM TURNS SKIES ORANGE**

Gazans were urged to take shelter as a sandstorm swept across the enclave on Saturday. Most of the more than two million Palestinians living in the enclave are displaced, living in tents or buildings heavily damaged by the war with Israel. First responders operating under the Hamas-run Interior Ministry warned people to secure their tents to prevent them from being blown away. Sandstorms also present particular health risks to those with respiratory and cardiovascular diseases. (BBC News Web Page: 14/03/26, FARUK)

## :: THE END ::